

2015 ANNUAL REPORT

বার্ষিক প্রতিবেদন ২০১৫



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION CO. LTD.

(A Company of Petrobangla)

Achievement of the Fiscal 2014-2015



Energy Award 2014

The Energy and Mineral Resources Division of the Power, Energy and Mineral Resources Ministry of the People's Republic of Bangladesh awarded BAPEX with the 'Energy Award 2014' on 5 August 2014, as a recognition to the efforts of BAPEX in pursuit of achieving national energy security and its unparalleled contributions in oil/gas exploration and production activities for the nation. The energy advisor to the Hon'ble Prime Minister Dr. Tawfiq-E-Elahi Chowdhury, BB handed over the crest to the Managing Director of BAPEX in an occasion to marking the National Energy Security Day.

*With the Compliments
of
the Board of Directors*

2015 ANNUAL REPORT

বার্ষিক প্রতিবেদন ২০১৫



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION CO. LTD.
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

Table of Contents

Notice of 26th AGM	03
Mission, Vision & Strategy Goals	04
Corporate Information	05
Messages	04
Board of Directors	11
Directors' Profile	12
Shareholders of BAPEx	15
Message of Condolence	16
Directors' Report (in Bangla)	17
Directors' Report (in English)	39
Auditors' Report	57
Graphical Representation	87
Events	90
BAPEx At A Glance	93
BAPEx Area Operations	96

সূত্র নং-১১৬.৩০.০১/৪২৩

তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫
০১ পৌষ, ১৪২২

২৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি


বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)-এর ২৬তম বার্ষিক সাধারণ সভা আগামী ৩০ ডিসেম্বর, ২০১৫/ ১৬ পৌষ, ১৪২২ বুধবার সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় বাপেক্স বোর্ড রুম, বাপেক্স ভবন (লেভেল-৬), ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী :

- ১। কোম্পানীর ২৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অবহিতকরণ।
- ২। ২৫তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
- ৩। ২০১৪-২০১৫ অর্থ বছরে পরিচালিত কোম্পানীর কার্যক্রমের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন।
- ৪। ২০১৪-২০১৫ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৫। ২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য লভ্যাংশ ঘোষণা ও অনুমোদন।
- ৬। কোম্পানীর আটিকেলস্ অব এসোসিয়েশনের ১০২ অনুচ্ছেদের আলোকে পরিচালক নিয়োগ/মনোনয়ন বিষয়ে কোম্পানী আইনের ৯১ (১) (খ) ধারা অনুযায়ী নিয়মিতকরণ ও শেয়ার হস্তান্তর অনুমোদন।
- ৭। কোম্পানীর আটিকেলস্ অব এসোসিয়েশনের ১০২ অনুচ্ছেদের আলোকে পরিচালক প্রত্যাহার/পরিবর্তন বিষয়ে কোম্পানী আইনের ৯১ (২) ধারা অনুযায়ী পরিচালকবৃন্দের এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং তদস্থলে পরিচালক নিয়োগ অনুমোদন।
- ৮। কোম্পানী আইনের ২১০ (১) ধারা অনুযায়ী ২০১৫-১৬ অর্থ বছরের জন্য কোম্পানীর বহিঃনিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।
- ৯। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় উপস্থাপনযোগ্য বিবিধ বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সম্মানিত শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে,


(মোহাম্মদ শওকত উসমান)
কোম্পানী সচিব

বিতরণ:

শেয়ারহোল্ডারবৃন্দ:

- ১। জনাব ইসতিয়াক আহমদ, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
- ২। বেগম মাহবুবুন নাহার, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
- ৩। জনাব মোঃ রুহুল আমীন, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ঢাকা।
- ৪। প্রকৌঃ মোঃ কামরুজ্জামান, পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
- ৫। জনাব জামিল আহমেদ আলিম, পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা, ঢাকা।
- ৬। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৭। জনাব সৈয়দ আশফাকুজ্জামান, সচিব, পেট্রোবাংলা, ঢাকা।
- ৮। পেট্রোবাংলা : প্রতিনিধিত্বকারী-চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।

পরিচালকবৃন্দ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জনাব নাজিমউদ্দিন চৌধুরী, ভারপ্রাপ্ত সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, বাপেক্স বোর্ড, ঢাকা।
- ২। জনাব ইসতিয়াক আহমদ, চেয়ারম্যান, পেট্রোবাংলা ও পরিচালক, বাপেক্স বোর্ড, ঢাকা।
- ৩। জনাব মোহাম্মদ আহসানুল জব্বার, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও পরিচালক, বাপেক্স বোর্ড, ঢাকা।
- ৪। জনাব জামিল আহমেদ আলিম, পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা ও পরিচালক, বাপেক্স বোর্ড, ঢাকা।
- ৫। জনাব মোহাম্মদ জাহিদ হোসেন, পরিচালক, বাপেক্স বোর্ড, ঢাকা।
- ৬। জনাব এম শোয়েব চৌধুরী, পরিচালক, বাপেক্স বোর্ড, ঢাকা।
- ৭। প্রকৌশলী মো. আতিকুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স ও পরিচালক, বাপেক্স বোর্ড, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। চেয়ারম্যান, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ২। সচিব, পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার, ঢাকা।
- ৩। মেসার্স এম, জে, আবদুল্লাহ এন্ড কোম্পানী, চার্টার্ড একাউন্ট্যান্টস, ন্যাশনাল প্লাজা (৪র্থ তলা), ১০৯, বীর উত্তম সি.আর.দত্ত রোড, ঢাকা-১২০৫।

BAPEX BHABAN, 4 Kawran Bazar C/A, Dhaka-1215, GPO Box-2092
Fax : 88-02-8189146, Website : www.bapex.com.bd, E-mail : mdbapex@bapex.com.bd



Our Mission

To carry out geological and geophysical investigation and drilling for the purpose of exploration, development and production of hydrocarbon as well as undertaking other businesses those support BAPEX for becoming a technologically and financially sound and self-reliant organization.

Our Vision

To be the leading national company in the country by conducting expeditious exploration and exploitation of hydrocarbon for the sustainable economic growth of Bangladesh.



Strategy Goals

Achieving consistent profitability and growth; Active environmental protection; and Work out the idea of sustainable development.



Corporate Information

Registered Name	: Bangladesh Petroleum Exploration and Production Company Limited (BAPEX)
Incorporated as Public Limited Company (for Exploration)	: 3 April 1989
Incorporated as Public Limited Company (for Exploration and Production)	: 23 April 2002
Registration No.	: C-18420 (274)/89
Registered Office	: BAPEX Bhaban 4 Kawran Bazar C/A, Dhaka-1215 Tel : +88 02 8189147 Fax : +88 02 8189146
VAT Registration No.	: 19061055233
e-TIN	: 526951653756
Chairman	: Mr. Nazimuddin Chowdhury
Directors	: Mr. Istiaque Ahmad Mr. Muhammed Ahsanul Jabbar Jameel A Aleem Mohammad Zahid Hossain FCA Mr. M. Shoeb Chowdhury Mr. Md. Atiquzzaman
Managing Director	: Mr. Md. Atiquzzaman
Company Secretary	: Mohammad Shawkat Osman
Auditors	: M.J. ABEDIN & CO Chartered Accountants National Plaza (3rd floor) 109, Bir Uttam C.R. Datta Road, Dhaka-1205 Tel : +880-2-8629771, 9666508
Email	: secretery@bapex.com.bd
Website	: www.bapex.com.bd

2015
ANNUAL REPORT



মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও
খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা



বাণী

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর ২৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে ২০১৪-২০১৫ অর্থবছরে পরিচালিত কোম্পানীর সার্বিক কার্যক্রম সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে স্বাগত জানাই।


বাংলাদেশ একটি ক্রম উন্নয়নমুখী রাষ্ট্র। দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধি অনেকাংশে জ্বালানি শক্তির উপর নির্ভরশীল। দেশের সার্বিক শিল্প উন্নয়নে প্রাকৃতিক গ্যাস সহায়ক শক্তি হিসেবে বৃহত্তম স্থান দখল করে নিয়েছে। দেশের জনগনের দোরগোড়ায় বিদ্যুৎসহ শিল্প পণ্য এবং প্রযুক্তি সেবা পৌঁছে দেয়ার জন্য বৃদ্ধি পাচ্ছে জ্বালানি শক্তি গ্যাসের চাহিদা। আর চাহিদার সঙ্গে যোগানের ভারসাম্য রক্ষায় অবিরত অনুসন্ধান, খনন ও উৎপাদন কার্যক্রম চালিয়ে যাচ্ছে বাপেক্স। যা প্রশংসার দাবিদার।

এ অর্থবছরে সালদানদী গ্যাসক্ষেত্র এলাকায় উন্নয়ন কূপ এবং পাবনা জেলার মোবারকপুর-এ অনুসন্ধান কূপ খনন পরিচালনার পাশাপাশি বিদেশী কোম্পানীর সাথে যৌথ উদ্যোগে পটিয়া, জলদী, কাসালং ও সীতাপাহাড় এলাকায় অনুসন্ধান ও খনন কার্যক্রম পরিচালনার উদ্যোগ নিয়েছে। অতি সম্প্রতি পিএসসি-র আওতায় দেশে গ্যাস উৎপাদনে রত ক্রিস এনার্জির দুটি কূপ খননের জন্য চুক্তি সম্পাদন করেছে। আমার বিশ্বাস এ দুটি কূপ সাফল্যের সাথে খননের মাধ্যমে বাপেক্স আন্তর্জাতিক পরিমণ্ডলে খনন কার্যক্রম পরিচালনার সক্ষমতা অর্জন করবে।

বাপেক্স একটি আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে সরবার সম্ভাব্য সকল সহযোগিতা করতে বদ্ধ পরিকর। বাপেক্সের অগ্রযাত্রা সরকারের “রূপকল্প ২০২১” বাস্তবায়নে সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

আমি আশা করি, সমৃদ্ধ দেশ ও জাতি গঠনের অংশীদার হিসেবে বাপেক্স-এর তেল-গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম আরো বেগবান হবে। পরিশেষে বাপেক্সের উত্তরোত্তর সফলতা/সমৃদ্ধির পাশাপাশি এর ২৬তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি। কোম্পানীর পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীর বিক্রম



প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর ২৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে আমি জেনে আনন্দিত। এ উপলক্ষে ২০১৪-২০১৫ অর্থ বছরের সার্বিক কার্যক্রম সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে আমি স্বাগত জানাই।

দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকাশক্তি হিসেবে প্রাকৃতিক গ্যাসের গুরুত্ব অপরিসীম। জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে ক্রমবর্ধমান প্রাকৃতিক গ্যাসের চাহিদার আলোকে এর সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে তেল/গ্যাস অনুসন্ধান, খনন ও উৎপাদন কার্যক্রম পরিচালনা করা অপরিহার্য। সরকার বাপেক্স-কে আরো দক্ষ ও গতিশীল কোম্পানীতে রূপান্তরের লক্ষ্যে বাপেক্সের জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, অনুসন্ধান ও উৎপাদন যন্ত্রপাতিতে সমৃদ্ধকরণের জন্য নতুন দুটি রিগ ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ২ডি ও ৩ডি সাইসমিক যন্ত্রপাতি এবং প্রসেস প্লান্ট ক্রয়ের অনুমোদন ও অর্থায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

আলোচ্য অর্থবছরে বাপেক্স ১২৫ লাইন কি.মি. ভূতাত্ত্বিক জরীপ, ৭২০ লাইন কি.মি. ২ডি সাইসমিক জরীপ, ৪৪৮ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক জরীপ, ১টি উন্নয়ন কূপ ও ১টি ওয়ার্কওভার সফলতার সাথে সম্পন্ন করেছে। মোবারকপুর-১ অনুসন্ধান কূপ এবং সালদানদী-৪ উন্নয়ন কূপের খনন কার্যক্রম চলমান আছে। বর্তমানে বাপেক্স নিজস্ব সাতটি গ্যাসক্ষেত্র হতে দৈনিক ১৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় খিড়ে সরবরাহ করেছে। দেশের স্থলভাগে ও সমুদ্রবক্ষে তেল-গ্যাস অনুসন্ধান জোরদার করার জন্য সরকার নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে। পিএসসি-র আওতায় দেশের তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালনাকারী আইওসিসমূহের কার্যক্রমে বাপেক্সের অংশীদারিত্ব নিশ্চিত করা হয়েছে। আমি আশা করি বাপেক্স, দেশের তেল-গ্যাস অনুসন্ধান ও উত্তোলনে কার্যকরি অবদান রেখে, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সর্বদা সচেষ্ট থাকবে।

আমি, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর ২৬তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

০৯ পৌষ ১৪২২
২৩ ডিসেম্বর ২০১৫


(নসরুল হামিদ, এমপি)



ভারপ্রাপ্ত সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর ২৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০১৪-২০১৫ অর্থবছরে পরিচালিত কোম্পানীর সার্বিক কার্যক্রম সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে স্বাগত জানাই।

দেশের অন্যতম খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাসের আহরণ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের উপর দেশের অর্থনৈতিক উন্নয়ন অনেকাংশে নির্ভরশীল। “রূপকল্প ২০২১” বাস্তবায়নের জন্য সরকার জ্বালানি খাতকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেছে। ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা মেটানোর জন্য প্রয়োজন দেশের অভ্যন্তরে তেল-গ্যাসের আধার আবিষ্কার করা। জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে লক্ষ্যে এ খাতের উন্নয়নে সরকার বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছে। জাতীয় কোম্পানি বাপেক্স তেল-গ্যাস আবিষ্কারের লক্ষ্যে অনুসন্ধান কার্যক্রম পরিচালনার পাশাপাশি সরকার কর্তৃক বরাদ্দকৃত ব্লক ও নির্ধারিত এলাকায় আবিষ্কৃত গ্যাসক্ষেত্র হতে গ্যাস উৎপাদন অব্যাহত রেখেছে।

সরকার বাপেক্স-এর কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিসহ আরো লাভজনক ও স্বনির্ভর কোম্পানি হিসেবে রূপান্তরের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। আমার দৃঢ় বিশ্বাস সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে বাপেক্স নতুন নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কারসহ গ্যাস উৎপাদন উত্তরোত্তর বৃদ্ধি করে দেশের অর্থনৈতিক উন্নয়নকে আরো ত্বরান্বিত করবে। বাপেক্সের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে এ দায়িত্ব পালন করবে বলে আমি আশা করি।

পরিশেষে আমি বাপেক্স-এর অব্যাহত উন্নয়ন এবং ২৬তম বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।


২৭/১২/১৫
(নাজিমউদ্দিন চৌধুরী)



চেয়ারম্যান

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)

বাণী




বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেত্র) এর ২৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে কোম্পানির ২০১৪-২০১৫ অর্থবছরের সার্বিক কর্মকাণ্ডের প্রতিফলনসহ বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে স্বাগত জানাচ্ছি।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর অনুসন্ধান ও উৎপাদন কোম্পানি বাপেত্র দেশের বিভিন্ন ভূ-গঠনে তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালনার পাশাপাশি নিজস্ব গ্যাস ক্ষেত্রসমূহ হতে গ্যাস উৎপাদন করছে। ২০১৪-২০১৫ অর্থ বছর ছিল বাপেত্রের জন্য প্রতিবন্ধকতা কাটিয়ে উঠে সাফল্যের পথে এগিয়ে যাওয়ার বছর। বিভিন্ন কারিগরি সমস্যা অতিক্রম করে সালদা-৪ কূপ খননকাজ সম্প্রতি সম্পন্ন করা হয়েছে এবং মোবারকপুর-১ অনুসন্ধান কূপ খনন কাজ চলমান রয়েছে। নিজস্ব খনন কার্যক্রমের পাশাপাশি বাপেত্র বিজিএফসিএল-এর বাখরাবাদ-৫ কূপের ওয়ার্কওভার এবং এসজিএফএল-এর কৈলাশটিলা-৭ কূপের খনন কাজ সম্পন্ন করেছে। এ দুটি কূপ হতে জাতীয় খ্রিডে গ্যাস সরবরাহ শুরু হয়েছে। বর্তমানে বাপেত্র তার আবিষ্কৃত আটটি গ্যাসক্ষেত্রের মধ্যে সাতটি গ্যাসক্ষেত্র হতে দৈনিক ১৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস ও ৩৬৬৮ লিটার কনডেনসেট উৎপাদন করছে। সদ্য আবিষ্কৃত রূপগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে গ্যাস সরবরাহের লক্ষ্যে তিতাস গ্যাস টিএন্ডডি কোম্পানি কার্যক্রম গ্রহণ করছে। ২০১৪-২০১৫ অর্থবছরে বাপেত্র ১২৫ কিলোমিটার ভূতাত্ত্বিক জরিপ, ৭২০ লাইন কিলোমিটার দ্বিমাত্রিক (টু-ডি) সাইসমিক এবং ৪৪৮ বর্গ কি. মি. এলাকায় ত্রিমাত্রিক (থ্রি-ডি) সাইসমিক কাজ সম্পন্ন করেছে। জরিপ পরবর্তী উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে অনুসন্ধান কূপ খননের সম্ভাব্য স্থান নির্বাচন সহজতর হবে।

বাপেত্র তেল ও গ্যাস অনুসন্ধানে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মসূচী গ্রহণ করেছে। বাপেত্রকে আন্তর্জাতিক মানের তেল-গ্যাস অনুসন্ধানী কোম্পানি হিসাবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাপেত্র নিজস্ব ব্লক ও বিভিন্ন ভূগঠনে, কূপ খনন এবং উৎপাদন কার্যক্রম পরিচালনার পাশাপাশি পিএসসি-র আওতায় এবং যৌথ উদ্যোগে দেশে অনুসন্ধান ও উৎপাদন কাজে নিয়োজিত বিদেশী কোম্পানির কার্যক্রমে অংশীদার হিসেবে দায়িত্ব পালন করছে। গত ১৮ জুন ২০১৫ তারিখে Santos Sangu Field Ltd. & KrisEnergy Bangladesh Ltd. এর সাথে একটি Joint Operating Agreement স্বাক্ষরিত হয়েছে। পাশাপাশি ONGC Videsh Ltd. (OVL) & Oil India Ltd. (OIL) এর সাথে Joint Operating Agreement স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। পার্বত্য চট্টগ্রামের সীতাপাহাড়, জালদী ও কাসালং এলাকায় আন্তর্জাতিক তেল-গ্যাস অনুসন্ধানী কোম্পানীর সঙ্গে যৌথ উদ্যোগে অনুসন্ধান কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সকল কার্যক্রমের সফল বাস্তবায়ন দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

পরিশেষে আমি বাপেত্র-এর উত্তরোত্তর সমৃদ্ধি এবং ২৬তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।


(ইসতিয়াক আহমদ)



বাপেত্র
(পেট্রোবাংলার একটি কোম্পানী)



ব্যবস্থাপনা পরিচালক এর বক্তব্য

জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে সদা সক্রিয় বহুবিধ পেশার দক্ষ-অভিজ্ঞ লোকবলের সমন্বয়ে গঠিত বাপেত্র সরকার কর্তৃক বরাদ্দকৃত ব্লক ও রিং ফেঙ্গড এলাকায় যুগপৎভাবে অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম পরিচালনার পাশাপাশি অন্যান্য কোম্পানীর উন্নয়ন ও উৎপাদনের বিভিন্ন পর্যায়ে ভূতাত্ত্বিক, ভূপদার্থিক, খনন, ওয়ার্কওভার, তথ্য সেবা, কূপসেবা, পূর্ত উন্নয়ন গবেষণা ও পরীক্ষণসহ বিভিন্ন ধরনের কারিগরী সেবা প্রদান করে আসছে। জাতীয় কোম্পানী বাপেত্র এর সেবা ব্যয় সাশ্রয়ী বিধায় তা সেবা গ্রহণকারী কোম্পানীসমূহ তথা সার্বিকভাবে দেশের জন্য লাভজনক। আলোচ্য অর্থ বছরে মাননীয় প্রধানমন্ত্রী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ পরিদর্শনকালে বাপেত্র-কে শক্তিশালী করার বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রধানমন্ত্রীর এ নির্দেশনা আমাদের আগামী দিনের দূর্বীর পথ অতিক্রমে সহায়ক হবে।

২০১৪-২০১৫ অর্থবছর বাপেত্রের জন্য প্রতিবন্ধকতা কাটিয়ে উঠে এগিয়ে যাওয়ার বছর। আলোচ্য অর্থবছরে বাপেত্র সালদানদী-৪ উন্নয়ন কূপ ও মোবারকপুর-১ অনুসন্ধান কূপ খনন কাজ শুরু করে। এ দুটি কূপ খনন কার্যক্রমে বিভিন্ন প্রতিবন্ধকতা/কারিগরী সমস্যা পরিলক্ষিত হওয়ায় সময়সীমার উত্তরণ ঘটায় সম্প্রতি সালদানদী-৪ কূপ খননকাজ সম্পন্ন করেছে। মোবারকপুর-১ কূপ খনন কাজ চলমান আছে। তাছাড়া চুক্তিভিত্তিতে বাখরাবাদ-৫ কূপের ওয়ার্কওভার এবং এসজিএফএল-এর কৈলাশটিলা-৭ নং কূপ খনন সফলতার সাথে সম্পন্ন করেছে। ২০১৪-২০১৫ মাসে বাপেত্র ১২৫ লাইন কিলোমিটার ভূতাত্ত্বিক জরিপ, ৭২০ লাইন কিলোমিটার দ্বিমাত্রিক সাইসমিক জরিপ এবং ৪৪৮ বর্গ কি. মি. এলাকায় ত্রিমাত্রিক (থ্রি-ডি) সাইসমিক কাজ সম্পন্ন করেছে। তাছাড়া প্রাথমিক ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশনের ফলাফল অনুযায়ী আনুমানিক ২০টি সাইসমিক লিড চিহ্নিত করা হয়েছে। অনুসন্ধান ও খনন কার্যক্রমের পাশাপাশি বাপেত্র সাতটি গ্যাসক্ষেত্র হতে দৈনিক প্রায় ১৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করছে। সরকারের নির্দেশনা ও সহযোগিতায় দুর্গম ও বুকিপূর্ণ এলাকায় অনুসন্ধান ও খনন কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে বাপেত্র পার্বত্য চট্টগ্রাম এলাকাধীন পটিয়া, জলদী, কাসালং এবং সীতাপাহাড় ভূগঠনে যৌথভাবে তেল-গ্যাস অনুসন্ধান ও গ্যাস উত্তোলন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়াধীন রয়েছে। বাপেত্র আন্তর্জাতিক উন্নুক্ত দরপত্রের অংশগ্রহণের মাধ্যমে পিএসসি ব্লক-৯ এর অপারেটর ক্রিস এনার্জির অধীন বাঙ্গোরা-৬ ও ৭ দুটি উন্নয়ন কূপ চুক্তিভিত্তিতে খননের কাজ লাভ করে।

বাপেত্রের আগামী পাঁচ (২০১৫-২০২১) বছরের কর্মপরিকল্পনায় তেল-গ্যাস অনুসন্ধানে সম্ভাব্য ভূ-গঠন চিহ্নিতকরণ এবং অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন স্থান চিহ্নিতকরণের জন্য ৫৭০ লাইন কি.মি. ভূতাত্ত্বিক জরিপ, ৯৮০০ লাইন কি. মি. ২ডি সাইসমিক জরিপ এবং ২৮৪০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক জরিপ পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি দৈনিক ১০০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশের বিভিন্ন ভূ-গঠনে ১৪টি অনুসন্ধান কূপ, দৈনিক ২১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশের বিভিন্ন ভূ-গঠন এবং আবিষ্কৃত গ্যাসক্ষেত্র এলাকায় ১৪টি উন্নয়ন কূপ, গ্যাজেটের মাধ্যমে শ্রীকাইল-৪ উন্নয়ন কূপ খনন এবং দৈনিক ১৪০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আবিষ্কৃত গ্যাসক্ষেত্রের ১৯টি পুরাতন কূপ-এর ওয়ার্কওভার এবং রেমিডিয়াল কূপ খননের উদ্যোগ নেয়া হয়েছে। এতে আনুমানিক দৈনিক ৪৬৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন বৃদ্ধি পাবে। সরকারের সদিচ্ছায় বাপেত্র-কে আধুনিক যন্ত্রপাতিতে সমৃদ্ধ করার পরিকল্পনার অংশ হিসেবে ২০১৫-২০২১ পর্যন্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি গভীর কূপ খনন রিগ, ১টি ওয়ার্কওভার রিগ ও আনুসঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দেশের অভ্যন্তরে এবং আন্তর্জাতিক অঙ্গনে বৃহত্তর পরিসরে মানসম্পন্ন অনুসন্ধান ও খনন কার্যক্রম পরিচালনায় সক্ষমতা অর্জনের জন্য দেশের অভ্যন্তরে কর্মরত IOC এর কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার প্রচেষ্টা গ্রহণ করছে। কোম্পানীর জনবল সংকট নিরসনে নতুন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের প্রক্রিয়া চলমান আছে। বাপেত্রের জনবল-কে দক্ষ মানব সম্পদে রূপান্তরের লক্ষ্যে দেশ-বিদেশে কারিগরী ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আলোচ্য অর্থ বছরে কোম্পানীর মোট আয় ২৯৯.২৫ টাকা কোটি ও ব্যয় ১৯৩.৩৫ কোটি টাকা এবং নীট মুনাফার পরিমাণ ৬৫.৪০ কোটি টাকা। সরকারী কোষাগারে লভ্যাংশ ৭.৩১ কোটি টাকা অগ্রীম পরিশোধের পর আলোচ্য অর্থ বছরে পুঞ্জীভূত লাভের পরিমাণ ২৭২.৪৩ কোটি টাকা।

পরিশেষে আমি প্রাক্তন জ্বালানি সচিব ও বাপেত্র বোর্ডের ভূতপূর্ব চেয়ারম্যান মরহুম আবুবকর সিদ্দিক এর অবদানকে শ্রদ্ধার সাথে স্মরণ করছি। তিনি বাপেত্র পরিবার তথা বাপেত্র পরিচালনা পর্ষদের অভিভাবক হিসেবে কোম্পানীর উন্নয়নে দিক নির্দেশনা প্রদান ও অনুপ্রেরণা যুগিয়েছেন।

বাপেত্র-এর সাফল্যের সামগ্রিক কর্মপরিকল্পনা ও পরিচালনায় সহায়তার জন্য বাপেত্র পরিবার ও পরিচালনা পর্ষদের পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ ছাড়াও বাপেত্র-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীকে জানাই ধন্যবাদ যারা তাদের অক্লান্ত পরিশ্রমের মধ্য দিয়ে কোম্পানীর কাক্সিত লক্ষ্য অর্জনের পথকে সুগম করেছেন।


(মো. আতিকুজ্জামান)

BOARD OF DIRECTORS



Chairman
Mr. Nazimuddin Chowdhury
Secretary in Charge
Energy & Mineral Resources Division
Ministry of Power, Energy & Mineral Resources
Govt. of the People's Republic of Bangladesh



Director
Mr. Istiaque Ahmad
Chairman
Petrobangla



Director
Mr. Muhammed Ahsanul Jabbar
Joint Secretary
Energy & Mineral Resources Division
Ministry of Power, Energy & Mineral Resources
Govt. of the People's Republic of Bangladesh



Director
Jameel A Aleem
Director (Operation & Mines)
Petrobangla



Director
Mohammad Zahid Hossain FCA
Apartment: B-3, Six Season Park
House: 48, Road: 15, Block: D
Banani, Dhaka-1213



Director
Mr. M. Shoeb Chowdhury
General Secretary
IIBA, Bangladesh



Director
Mr. Md. Atiquzzaman
Managing Director
BAPEX

DIRECTORS' PROFILE



Mr. Nazimuddin Chowdhury is the Secretary In Charge of the Energy and Mineral Resources Division and the Chairman of BAPEX Board since 15 December 2015. He did his Graduation and Post Graduation degree in History from the University of Dhaka and also completed Master of Arts in Financial Management from the University of Ulster, UK. After completing his graduation, Mr. Chowdhury joined in the Chittagong University as Lecturer. Then, in the year 1986, he joined in the Bangladesh Civil Service (BCS) and belongs to BCS (Audit and Accounts) Cadre 1984 Batch. Mr. Chowdhury is a man of soothing personality and possesses a glorious diversified career. In the Bangladesh Civil Service, he started his career as Assistant Accounts General in the Ministry of Agriculture and also served in different ministries in different capacities. In the year 2006 he has given option to switch his cadre and was promoted as Deputy Secretary to the government. Till then he served in the Economic Relations Division, Ministry of Women and Children Affairs, Ministry of Home Affairs and Energy and Mineral Resources Division as Deputy Secretary, Joint Secretary and Additional Secretary respectively. Finally he has posted as Secretary in Charge on 13 December 2015 in the Energy and Mineral Resources Division. During his long and versatile career he has served the country by applying his wisdom, progressive leadership quality, enlightened thinking, outstanding talent and impressive potentials being motivated by full of patriotism, commitment, dedication and integrity.

After joining in the Bangladesh Civil Service Mr. Chowdhury took part in different training programs in home and abroad. He has successfully completed 'Departmental Training' in the Audit and Accounts Training Academy, 'Foundation Training' & 'Management at the Top-2' Courses in the Bangladesh Public Administration Training Center and 'Management, Accounting, Auditing and Budgeting' Course in the Financial Management Academy. He also participated in the 'Audit and Transport Services' Course and 'Business Communication' Course in India and UK respectively. As part of his job he attended in different meetings, summits, seminars, workshops, study tours held in home and abroad. Presently, he is also serving as Chairman of six different Government owned companies.

Mr. Chowdhury is well known as a sports organizer. Since 1989 he is involve with Bangladesh Shooting Federation and was elected Treasurer and General Secretary for two times. Presently he is the President of the Bangladesh Shooting Federation. Moreover, he an 'A' class jury in the arena of International Shooting Federation and stand for judging 12 international shooting competitions.



Mr. Istiaque Ahmad is the Chairman of Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) and a Director of BAPEX Board since 30-10-2014. He achieved B.Sc. and M.Sc. degrees in Geology and Mining from Rajshahi University. Before joining in BCS (Admin Cadre) in 1986, he was an Assistant Director in Geological Survey of Bangladesh. During his career in Civil Service, he served in different ministries. During 1997-2003, he was the Second Secretary in Bangladesh High Commission in Malaysia. Mr. Ahmad has been in the Cabinet Division for 11 years (2003-2014) in different positions. He became Additional Secretary in 2012 and later was appointed as the Chairman, Petrobangla on 22-10-2014. He attended several training courses and workshop at home and abroad during his long career.



Mr. Muhammed Ahsanul Jabbar is an Additional Secretary of the Energy and Mineral Resources Division and the Director of BAPEX Board since 03 August 2014. After completion of graduation, Mr. Jabbar did his Master of Business Administration MBA (Finance) from IBA. DU. He joined Bangladesh Civil service (Admin.) in 15th February 1988. He served as Assistant commissioner. Magistrate First class UNO. Additional Deputy Commissioner in various districts. He also served as Sr. Assistant Secretary. Deputy Secretary and Joint Secretary in the Ministry of local government and co-operatives. Ministry of Labour and Education Ministry respectively. He participated many Seminars and Workshops at home and abroad. He completed Managing at the Top in Wolverhampton University in UK. He did diploma in Humanitarian law from Institute of Humanities law in Sunrimo. Italy. He has been promoted as Additional Secretary on April. 2015.



Mr. Jameel A. Aleem is the Director (Operation & Mines), Petrobangla and the Director of BAPEX Board since 02 March 2015. He completed his Bachelor degree in Civil Engineering from BUET in 1981. He started his career in Bakhrabad Gas System Ltd. as an Assistant Engineer in the same year. He buildup his career in Bakhrabad Gas System Ltd. and became the Acting Managing Director in 2010. Mr. Aleem took charge as the Managing Director of Maddhapara Granite Mining Company Ltd. in 2011 and later in Karnaphuli Gas Distribution Co. Ltd. and in Gas Transmission Company Ltd. He joined Petrobangla as the Director (PSC) and later as Director (Operation and Mines) of at the end of 2014. He attended several training courses and workshop at home and abroad during his long career in petroleum sector.



Mr. Mohammad Zahid Hossain. Born is a Chartered Accountant and the Director of BAPEX Board since 02 March 2015. He is a Fellow Member of The institute of Chartered Accountants of Bangladesh (ICAB) since 2002. He completed his Bachelor of Commerce under Dhaka University. Earlier in his academic endeavors, he stood 13th in the commerce merit list of Higher Secondary School (HSC) examination.

During his long professional life of more than 17 years, he worked under various capacities in different National and Multinational companies, shouldering a lot of responsibilities in the areas of Strategic planning, Accounts, Finance, Taxation and Corporate & Legal Affairs. His contribution as a finance Chief in various organizations is notable. He is also an acclaimed writer for various financial journals and national English Dailies. Mr. Hossain is an extensive traveler and has gathered immense knowledge from numerous trainings, seminars, workshops both local and abroad. He also acts as panel trainer of Corporates and Trade body.



Mr. M Shoeb Chowdhury is a Senior Fellow at Harvard University and the Director of BAPEX Board since 17 June 2015. He also achieved a number of diploma degrees from Harvard University along with Masters in Business Administration (USA). He is a sound entrepreneur and social organizer. He has been representing Janes Defense, American Petroleum Institute (API) and IEEE in Bangladesh for a long time. He has been working in the development of digital Bangladesh for past two decades with the proper application of youth leadership and technology. He has also contributed his work for technology, energy, cyber security and open market economy along with different renowned public and private organizations.

He served as the first Bangladeshi Adviser in Bangladesh Commonwealth Business Council. He is directly involved with the IT Taskforce and WSA of UN. Since 2011, he has been representing Republic of Malta under EU as the Honorary Consul in Bangladesh. He played important role in Special Olympics (international organization for disabled people) as Director, and in Bangladesh Archery Federation as Vice President. He is the (General Secretary of International Economic Analytical Organization IIBA and is associated with the leading business institutes of Bangladesh. He is an elected Director of Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI). He is the Chairman of Editorial Board of renowned English daily *The Asian Age*.

Prompt and affable M Shoeb Chowdhury is affiliated with different social organizations. As a consequence, he earned various awards including. Jatir Janak Bangabandhu Award 2008, Pallikabi Jasimuddiu Award 2005, Bangladesh Humanitarian Award 2006 etc.



Mr. Md Atiquzzaman is the Managing Director of Bangladesh Petroleum Exploration and Production Company Limited (BAPEX), since 13 April 2015. He has graduated in Mechanical Engineering from Bangladesh University of Engineering & Technology (BUET), Dhaka in 1983 and completed his MBA in Finance from Dhaka University. Mr. Md. Atiquzzaman started his career in Titas Gas T&D Company Limited (TGTDC), a pioneer and largest Natural Gas Transmission and Distribution Company of Bangladesh in 1984. Having more than 30 years of corporate experience in Energy Infrastructure Sector and Financial Sector, he has obtained considerable experience in the fields of Pipeline and Facilities Design, Procurement, Construction, Operation and Maintenance, Flow Control and Measurement. He has successful track record of implementing various Donor-funded and GOB-funded Infrastructure Projects as "Project Director", where he has gained expertise in Project Planning and Implementation, Project Monitoring and Evaluation, Financial Management, Contract Negotiation and Administration. He was involved in preparation of "Gas Sector Master Plan", as a member of the Steering Committee formed by the Government of Bangladesh. He was also a member of the study team responsible for conducting "Tech-economic Feasibility Study for supply of Natural Gas to the western region of Bangladesh". Mr. Md. Atiquzzaman has joined Bangladesh Infrastructure Finance Fund Limited (BIFFL), a company formed under the Ministry of Finance, Government of Bangladesh, for financing Infrastructure Projects, as its first Executive Director and CEO on 1 February 2012 and served till 31 January 2015.

Mr. Md. Atiquzzaman was actively involved in different socio-economic and sports activities. He represented BUET in the inter-University and National Basketball Tournaments and played in Dhaka Metropolitan Basketball League for several years for different renowned teams.

During the tenor of his carrier, he attended a number of Professional Trainings/Workshops/ Seminars at home and abroad. He is a Life Fellow of the Institution of Engineers, Bangladesh (IEB), Life Member of the BUET Alumni Association and Executive Member of the Dhaka University MBA Association.

SHAREHOLDERS OF BAPEX



শোক প্রস্তাব



বাপেক্স পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ আবুবকর সিদ্দিক গত ৩০-১১-২০১৫ তারিখে ভোর ৪.৪৫ ঘটিকায় স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তিনি স্ত্রী, দুই কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

জনাব আবুবকর সিদ্দিক শরীয়তপুর জেলার নড়ীয়া উপজেলায় কদারপুর গ্রামে ৩ মার্চ, ১৯৫৮ সালে জন্মগ্রহণ করেন। জনাব সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনায় স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণীতে তৃতীয় স্থান অধিকার করেন। তিনি ১৯৮২ সালে বিসিএস প্রশাসন ক্যাডারে যোগদান করেন। বর্ণিল কর্মজীবনে তিনি মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ে কর্মরত ছিলেন। ২২ এপ্রিল, ২০০১ তারিখে সিনিয়র সহকারী সচিব হিসেবে বাংলাদেশ সচিবালয়ে যোগদানের পর উপসচিব, যুগ্ম সচিব ও অতিরিক্ত সচিব পদে বিভিন্ন অধিদপ্তর, বিভাগ এবং মন্ত্রণালয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। দৃঢ়প্রতিজ্ঞ ও দেশপ্রেমে উৎসর্গীকৃত জনাব সিদ্দিক সুপ্ত প্রতিভা, গতিশীল নেতৃত্ব, আলোকিত চিন্তা-চেতনা ও সুবিবেচনা প্রসূত বুদ্ধিমত্তার বহিঃপ্রকাশ ঘটিয়ে তাঁর দীর্ঘ কর্ম জীবন অতিবাহিত করেন। ২০ জুলাই, ২০১৪ সালে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিবের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন।

বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদানের পর তিনি দেশে ও বিদেশে বহু প্রশিক্ষণ কোর্স সাফল্যের সঙ্গে সম্পন্ন করেন। তিনি “Performance Based Incentive Program of IFFD Project” কৃতিত্বের সঙ্গে সম্পন্নকরতঃ স্বর্ণপদক অর্জন করেন।

তাঁর মৃত্যুতে বাপেক্স পরিচালনা পর্ষদ এবং বাপেক্স পরিবারের প্রতিটি সদস্য গভীরভাবে শোকাহত বাপেক্স পরিচালনা পর্ষদ এবং বাপেক্স পরিবারের প্রতিটি সদস্য পরম করুণাময় আল্লাহর নিকট মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

১ ডিসেম্বর, ২০১৫ অনুষ্ঠিত বাপেক্স পরিচালনা পর্ষদের ৩৬৪ তম সভায় জনাব মোঃ আবুবকর সিদ্দিক এর মৃত্যুতে সর্বসম্মতিক্রমে একটি শোক প্রস্তাব গ্রহণ করা হল।

**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর
২৬তম বার্ষিক সাধারণ সভায় (২০১৪-২০১৫ অর্থবছর)
শেয়ারহোল্ডারগণের উদ্দেশ্যে পরিচালনা পর্ষদের প্রতিবেদন**

বিস্মিল্লাহির রাহমানির রাহীম।
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও উপস্থিত সুধীমন্ডলী,
আসসালামু আলাইকুম।

গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, আমার পূর্বসূরি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাননীয় সচিব ও বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ আবুবকর সিদ্দিক গত ৩০ নভেম্বর ২০১৫ তারিখে ইন্তেকাল করেছেন (ইল্লালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। বাপেক্স পরিচালনা পর্ষদের পক্ষে আমি গভীর শোক প্রকাশ করছি এবং মরহমের আত্মার মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

বাপেক্স এর পরিচালনা পর্ষদের পক্ষে আমি ২৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানাচ্ছি। বাপেক্স-এর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ২০১৪-২০১৫ অর্থ বছরে পরিচালিত কোম্পানীর সামগ্রিক কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ এবং নিরীক্ষিত চূড়ান্ত হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন করছি।

সম্মানিত সুধীমন্ডলী,
আমি বিগত অর্থ বছরে পরিচালিত বাপেক্স এর সার্বিক কর্মকাণ্ড উপস্থাপনের পূর্বে বাপেক্স গঠনের পটভূমি আপনাদের সম্মুখে উপস্থাপন করছি। ১৯৮৯ সালে পেট্রোবাংলার অনুসন্ধান পরিদপ্তর বিলুপ্তির মাধ্যমে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন কোম্পানী (বাপেক্স) গঠন করা হয়। এর মূল কার্যক্রম ছিল দেশের অভ্যন্তরে তেল, গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। স্বাধীনতার পূর্বে তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রম শুরু হয় ১৯৬৪ সালে ওজিডিসি অব পাকিস্তান এর মাধ্যমে। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন হওয়ার পর ওজিডিসি (বাংলাদেশ) ও তৈল সন্ধানী এর অধীনে কার্যক্রম পরিচালনার পর ১৯৭৪ সালে বিওজিএমসি (পেট্রোবাংলা) এর অনুসন্ধান পরিদপ্তরের অধীনে দীর্ঘ ১৫ বছর কার্যক্রম পরিচালনার পর ১৯৮৯ সালে বাপেক্স কোম্পানী হিসেবে আত্মপ্রকাশ করে। উদ্দেশ্য ছিল দেশের অভ্যন্তরে ও বাইরে তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা। উল্লেখ্য, প্রতিষ্ঠালগ্ন হতে বাপেক্স তার পূর্বসূরি পেট্রোবাংলার প্রেষণে নিযুক্ত জনবল, যন্ত্রপাতি ও ক্ষতির দায়ভার নিয়ে যাত্রা শুরু করে। বিগত ২০০০ সালে সরকার বাপেক্স-এর কার্যক্রমকে আরো গতিশীল এবং বিস্তৃত করার লক্ষ্যে অনুসন্ধান কার্যক্রমের পাশাপাশি উৎপাদন কার্যক্রমও পরিচালনার অনুমতি প্রদান করে। বর্তমানে বাপেক্স দেশের অভ্যন্তরে স্থলভাগে তেল, গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালনার পাশাপাশি উৎপাদন কার্যক্রম পরিচালনা করছে। এ সকল কার্যক্রম পরিচালনার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বাপেক্স ভূতাত্ত্বিক এবং ভূপদার্থিক উপাত্ত সংগ্রহ ও মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, ভূ-রাসায়নিক বিশ্লেষণ, খনন ও ওয়ার্কওভার, কূপ সেবা, পূর্ত উন্নয়ন এবং অন্যান্য আনুষাংগিক কার্যক্রম সম্পন্ন করছে।

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, জাতীয় জ্বালানি নিরাপত্তা অর্জনের প্রয়াসে বাপেক্স এর কর্মতৎপরতা এবং তেল/গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কাজে অসামান্য অবদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আলোচ্য অর্থবছরের ৯ আগস্ট ২০১৪ জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবসে বাপেক্স কে ‘জ্বালানী পদক ২০১৪’ প্রদান করে। মাননীয় প্রধানমন্ত্রীর জ্বালানি উপদেষ্টা জনাব তোফিক-ই-ইলাহি চৌধুরী বীরবিক্রম এক অনুষ্ঠানে বাপেক্স এর ব্যবস্থাপনা পরিচালকের হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন। এ পদক প্রাপ্তির জন্য বাপেক্স পরিচালনা পর্ষদের পক্ষ থেকে বাপেক্স-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

বাপেক্স তার পূর্ববর্তী কার্যক্রমের ধারাবাহিকতায় আলোচ্য অর্থবছরে তেল ও গ্যাস অনুসন্ধান, খনন এবং উৎপাদন কার্যক্রম সাফল্যের সাথে পরিচালনা করেছে। বিভিন্ন কারিগরী সমস্যার কারণে জিএফডিপি প্রকল্পের আওতায় সালদানদী-৪ কূপ খনন বিলম্বিত হলেও সম্প্রতি খননকাজ সমাপ্ত হয়েছে। একই কারণে মোবারকপুর-১ অনুসন্ধান কূপ খনন কাজ সময়িকভাবে বন্ধ থাকলেও শীঘ্রই খনন কাজ শুরু করা হবে। নিজস্ব খনন কার্যক্রমের পাশাপাশি বাপেক্স, বিজিএফসিএল-এর বাখরাবাদ-৫ কূপে ওয়ার্কওভার কাজ সম্পাদন করে। উক্ত কূপ হতে দৈনিক পাঁচ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। এসজিএফএল-এর সাথে সম্পাদিত চুক্তির আওতায় সফলভাবে কৈলাশটিলা-৭ নং কূপ ৩৫৫৫ মিটার গভীরতায় খনন সম্পন্ন করা হয়। উক্ত কূপ হতে দৈনিক কমবেশি তিন মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হচ্ছে। সরকারের দ্রুত জ্বালানি ও বিদ্যুৎ সরবরাহ আইনের আওতায় রাশিয়ান কোম্পানী গ্যাজপ্রম

ইন্টারন্যাশনালের মাধ্যমে বাপেক্সের পাঁচটি কূপ খনন করা হয়েছে। গ্যাজপ্রম কর্তৃক খননকৃত পাঁচটি কূপ হতে দৈনিক প্রায় ৭০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা হচ্ছে।

আপনারা জেনে আনন্দিত হবেন যে, বাপেক্স আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রে অংশগ্রহণের মাধ্যমে পিএসসি ব্লক-৯ এর অপারেটর ক্রিস এনার্জি’র অধীন বাঙ্গোরা-৬ ও ৭ দুটি উন্নয়ন কূপ খননের কাজ লাভ করে। সম্প্রতি এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর জ্বালানি উপদেষ্টা জনাব তোফিক-ই-ইলাহি চৌধুরী বীরবিক্রম বাপেক্সের এ অর্জনের জন্য অভিনন্দন জানাতে বাপেক্স ভবনে আসেন। এ ছাড়া গত ২২ নভেম্বর ২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ এমপি বাপেক্স ভবনে এক মতবিনিময় সভায় মিলিত হন। মাননীয় প্রতিমন্ত্রী বাপেক্স এর উন্নয়নকল্পে কিছু দিক-নির্দেশনা প্রদান করেন। তাঁদের সানুগ্রহ উপস্থিতি জ্বালানী নিরাপত্তায় বাপেক্স এর প্রতি অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে স্বীকৃতির পরিচায়ক। বাপেক্স এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ তাঁদের আগমনে দারুনভাবে উৎসাহিত ও অনুপ্রাণিত বোধ করছে।

আপনারা অবগত আছেন যে, বর্তমানে বাপেক্স সরকার কর্তৃক বরাদ্দকৃত নির্ধারিত অংশে তেল-গ্যাস অনুসন্ধান ও খনন কার্যক্রমের পাশাপাশি সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, শাহজাদপুর-সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাস ক্ষেত্র থেকে দৈনিক প্রায় ১৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করছে। শাহবাজপুর কূপ থেকে উৎপাদিত গ্যাস পিডিবি’র পাওয়ার প্লান্টসহ অন্যান্য গ্রাহকদের চাহিদা অনুযায়ী সরবরাহ করা হচ্ছে। সর্বশেষ আবিকৃত রূপগঞ্জ গ্যাস ক্ষেত্র হতে আগামী বছরের মাঝামাঝি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করা যায়।



গত ২২ নভেম্বর ২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ এমপি বাপেক্স ভবনে এক মতবিনিময় সভায় মিলিত হন

সম্মানিত শেয়ারহোল্ডারগণ,
২০১৪-২০১৫ মার্চ মৌসুমে ভূতাত্ত্বিক জরিপ দল খাগড়াছড়ি জেলার চেঙ্গুতাং ভূগঠনে মোট ১২৫ লাইন কিলোমিটার ভূতাত্ত্বিক জরিপ কাজ সম্পন্ন করেছে। টু-ডি সাইসমিক প্রকল্পের আওতায় ২০১৪-২০১৫ মার্চ মৌসুমে বাপেক্সের জন্য বরাদ্দকৃত অনুসন্ধান ব্লক-৮ এর জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, টাংগাইল ও তৎসংলগ্ন এলাকায় ৭২০ লাইন কিলোমিটার সাইসমিক উপাত্ত সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশনের ফলাফল অনুযায়ী আনুমানিক ২০টি সাইসমিক লিড চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত লিড সমূহে ডিটেইল সাইসমিক জরিপ পরবর্তী সম্ভাব্য অনুসন্ধান কূপ খননের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান প্রাকৃতিক গ্যাসের চাহিদা পূরণে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। পাশাপাশি ২০১৪-২০১৫ মার্চ মৌসুমে শাহবাজপুর গ্যাসক্ষেত্রে ২৯৮ বর্গ কি. মি. এবং শ্রীকাইল গ্যাসক্ষেত্রে ১৫০ বর্গ কি. মি. সহ সর্বমোট ৪৪৮ বর্গ কি. মি. এলাকায় ত্রিমাত্রিক (থ্রি-ডি) সাইসমিক উপাত্ত সংগ্রহ করা হয়েছে। আলোচ্য অর্থ বছরে সুনত্র ভূগঠনে সংগৃহীত উপাত্তের বিশ্লেষণ এবং শাহবাজপুর গ্যাসক্ষেত্রে সংগৃহীত উপাত্তের প্রক্রিয়াকরণ কাজ

সম্পন্ন হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সদ্যপ্রয়াত সচিব জনাব আবু বকর সিদ্দিক এবং পেট্রোবাংলার চেয়ারম্যান জনাব ইসতিয়াক আহমেদ শাহবাজপুর গ্যাসক্ষেত্রের থ্রি-ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। তাঁরা থ্রি-ডি সাইসমিক সার্ভে প্রকল্পের বিভিন্ন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সদ্যপ্রয়াত সচিব জনাব আবু বকর সিদ্দিক শাহবাজপুর গ্যাসক্ষেত্রে থ্রি-ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিদর্শন করেন।

সৃষ্টির পর হতে এ যাবত বাপেক্স আটটি অনুসন্ধান কূপ খনন করেছে যার মধ্যে পাঁচটি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে। এ ছাড়াও ৩৫টি (গ্যাজপ্রমের ৫টি সহ) উন্নয়ন কূপ খনন করা হয়েছে। পাশাপাশি ২৭টি কূপে সফলতার সাথে ওয়ার্কওভার কার্য সম্পাদন করেছে। বিগত ২৬ বছরের তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রমের অভিজ্ঞতা পেট্রোলিয়াম সেক্টরে বাপেক্স-এর কারিগরী সক্ষমতা আন্তর্জাতিক মানের পর্যায়ে অনেকখানি এগিয়ে নিয়ে গিয়েছে। রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে চলমান খনন প্রকল্পের মাধ্যমে নতুন গ্যাসের আধার আবিষ্কৃত হলে দেশের জ্বালানি সংকট নিরসনে সহায়ক হবে।

উপস্থিত সুধীমণ্ডলী,
২০১৪-২০১৫ অর্থবছরের প্রারম্ভে কোম্পানীর মোট জনবল ছিল ৮৩৬ জন। কিছু সংখ্যক কর্মকর্তা ও কর্মচারীর অবসর গ্রহণ, নিয়োগ, চাকুরীতে ইস্তফা ও মৃত্যু জনিত কারণে অর্থবছর শেষে জনবলের সংখ্যা বছর শেষে দাড়ায় ৭৭৪ জন যার মধ্যে কর্মকর্তা ৩৬৮ জন এবং কর্মচারী ৪০৬ জন। ২০১৪-২০১৫ অর্থ বছরে ৯২ জন কর্মকর্তা এবং ৬ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। মানব সম্পদ উন্নয়নের বিষয়ে বাপেক্স বরাবরই বিশেষ গুরুত্ব আরোপ করে থাকে। এ লক্ষ্যে প্রশিক্ষণ চাহিদানুযায়ী কোম্পানী কর্মকর্তা-কর্মচারীদের জ্ঞান অর্জন, মেধা বিকাশ ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২০১৪-২০১৫ অর্থ বছরে ১১১ জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ এবং ২১২ জন কর্মকর্তা-কর্মচারী স্থানীয় প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেছেন।

বিগত ২৫ বছর ধরে বাপেক্স তেল/গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কাজ চালিয়ে আসছে। প্রতিষ্ঠালাগ্ন থেকে বাপেক্স সীমিত সম্পদ এবং বিভিন্ন প্রতিকূলতার মাঝেও স্বকীয় কর্মযজ্ঞ দ্বারা দেশের জ্বালানী সংকট নিরসনে প্রভূত অবদান রেখে চলেছে। বিশেষায়িত এ কর্মকাণ্ড পরিচালনায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ নাগরিক সুবিধার বাইরে থেকে চব্বিশ ঘন্টা পালাক্রমে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করেন। তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাথমিক পর্যায় থেকে চূড়ান্ত পর্যায় পর্যন্ত অন্যান্য সকল কাজের চেয়ে অনেক বেশী ঝুঁকি বিরাজমান। বিভিন্ন প্রকার বিস্ফোরক, ক্ষতিকর রাসায়নিক ও তেজস্ক্রিয় দ্রব্যাদি ব্যবহার, ভারী মালামাল স্থাপন-বিসোজন, উচ্চ চাপযুক্ত গ্যাস/পানি, উচ্চ মাত্রার শব্দ দূষণ, দুর্ঘটনা ও ব্লোআউট জনিত অগ্নিকাণ্ডসহ যে কোন ধরনের দুর্ঘটনার ঝুঁকি সার্বক্ষণিক বিদ্যমান। সকল প্রতিকূলতা উপেক্ষা করেও বিপুল কর্মযজ্ঞ দ্বারা দেশের চলমান জ্বালানী সংকট মোকাবিলায় বাপেক্স কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ প্রতিনিয়ত নিরলসভাবে কাজ করে যাচ্ছে যা বাপেক্স-এর কারিগরী সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রমকে আন্তর্জাতিক মানে

উন্নীত করেছে। দেশ ও জাতির প্রতি তাদের অসামান্য অবদানের জন্য আমি বাপেক্স-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক মোবারকবাদ জানাচ্ছি।

সম্মানিত সুধীমণ্ডলী,
বাংলাদেশ অফশোর বিডিং রাউন্ড ২০১২ এর আওতায় অগভীর সমুদ্রাঞ্চলের ব্লক SS-04 এবং SS-09 এর জন্য ONGC Videsh Ltd. (OVL) & Oil India Ltd. (OIL) এর সাথে দুটি পিএসসি এবং অগভীর সমুদ্রাঞ্চলের ব্লক SS-11 এর জন্য Santos Sangu Field Ltd. & KrisEnergy Bangladesh Ltd. এর সাথে একটি পিএসসি স্বাক্ষরিত হয়েছে। সমুদ্রবক্ষে তেল-গ্যাস অনুসন্ধানে সক্ষমতা অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় উক্ত ব্লকসমূহে বাংলাদেশ সরকার 10 percent carried stake owner হিসেবে বাপেক্স-কে মনোনীত করেছে। গত ১৮ জুন ২০১৫ তারিখে Santos Sangu Field Ltd. & KrisEnergy Bangladesh Ltd. এর সাথে একটি Joint Operating Agreement (JOA) স্বাক্ষরিত হয়েছে। অপরদিকে ONGC Videsh Ltd. (OVL) & Oil India Ltd. (OIL) এর সাথে আরো একটি JOA স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

আপনারা জেনে আনন্দিত হবেন যে, ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর কর পরবর্তী নীট মুনাফার পরিমাণ ৬৫.৪০ কোটি টাকা। পূর্ববর্তী বছরের সমন্বয় বাবদ ৭.৫৩ কোটি টাকা এবং লভ্যাংশ পরিশোধ বাবদ ৭.৩১ কোটি টাকা লাভ-লোকসান আবন্টন হিসাবে সমন্বয়ের পর সরকার/পেট্রোবাংলা কর্তৃক ২০১৪-২০১৫ অর্থবছরে বাপেক্স এর উপর ধার্যকৃত ৭.৩১ কোটি টাকা লভ্যাংশ ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে। আলোচ্য অর্থবছরে মোট পুঞ্জীভূত নীট লাভ ২৭২.৪৩ কোটি টাকা উদ্ধৃতপত্রে স্থানান্তরিত হয়েছে। বাপেক্স ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানী পর্যায়ে ৫ম সর্বোচ্চ করদাতা হিসেবে মনোনীত হয়। গত ১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে মাননীয় অর্থ মন্ত্রী বাপেক্স কে সম্মাননাপত্র এবং ট্রেস্ট প্রদান করেন।





২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানী পর্যায়ে ৫ম সর্বোচ্চ করদাতা হিসেবে বাপেক্স 'ট্যাক্স কার্ড সম্মাননা' লাভ করে।

২০১৪-২০১৫ অর্থবছরটি সার্বিক কর্মকাণ্ডের আলোকে বাপেক্সের জন্য প্রতিকূলতা কাটিয়ে উঠে সফলতা অর্জনের প্রচেষ্টার বছর। প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান ও উৎপাদন বৃদ্ধিকরণের লক্ষ্যে পৃথক পৃথক প্রকল্পের সম্ভাব্য মেয়াদসহ ২০৩০ সাল পর্যন্ত বাপেক্সের একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। বাপেক্স-কে কারিগরী ও আর্থিক দিক থেকে একটি শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে বর্তমান সরকারের সার্বিক সহযোগিতা আগামীতে বাপেক্স এর কার্যক্রমকে বেগবান করবে এবং বাপেক্স-কে তার কাংখিত লক্ষ্যে পৌছানোর জন্য অত্যন্ত সহায়ক হবে।

সুধীমণ্ডলী, আমি এখন ২০১৪-২০১৫ অর্থবছরে পরিচালিত বাপেক্সের সার্বিক কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করছি।

অনুসন্ধান ও উন্নয়ন কার্যক্রম



ভূতাত্ত্বিক কার্যক্রম

২০১৪-২০১৫ মার্চ মৌসুমে ভূতাত্ত্বিক জরিপ দল খাগড়াছড়ি জেলার চেঙ্গুতাং ভূগঠনে এলাকায় জলদি ভূগঠনে মোট ১২৫ লাইন-কিলোমিটার জরিপ কাজ সম্পন্ন করেছে। জরিপকালীন সময়ে নয়টি ছড়ায় অনুসন্ধান চালিয়ে ৪৩টি শিলা নমুনা ও দুটি গ্যাস নমুনা সংগ্রহ করা হয়েছে। শিলা ও গ্যাস নমুনা বিশ্লেষণের জন্য পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে। চেঙ্গুতাং ভূগঠনে ভূতাত্ত্বিক জরিপ থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণপূর্বক ভূতাত্ত্বিক মানচিত্র তৈরি এবং শিলা ও গ্যাস নমুনার ভূরাসায়নিক বিশ্লেষণ ফলাফলসহ একটি ভূতাত্ত্বিক প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে।

বর্তমানে বিশ্বব্যাপী পেট্রোলিয়াম অনুসন্ধান কার্যক্রমে ব্যাপকভাবে সমাদৃত পেট্রেল, পেট্রোমড এবং টেকলগ সফটওয়্যারসমূহ সফলভাবে ব্যবহার করা হচ্ছে। পেট্রেল দ্বারা ভূতাত্ত্বিক-ভূপদার্থিক উপাত্ত বিশ্লেষণ, পেট্রোমড সফটওয়্যার ভূতাত্ত্বিক, ভূ-পদার্থিক ও ভূ-রাসায়নিক উপাত্ত সমন্বয়ে বেসিন মডেলিং করার কাজে ব্যবহৃত হচ্ছে। টেকলগ সফটওয়্যার দ্বারা স্বল্পসময়ে সঠিকভাবে ওয়্যারলাইন লগ উপাত্ত বিশ্লেষণ করা সম্ভব হয়। এ সকল আধুনিক সফটওয়্যার সমূহের মাধ্যমে কোন এলাকার তেল-গ্যাসের সম্ভাব্যতা সহজ ও নির্ভরযোগ্যভাবে নিরূপণ করা হয়।

পেট্রেল সফটওয়্যার দ্বারা ভূতাত্ত্বিক-ভূপদার্থিক উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে সেমুতাং দক্ষিণ-১ এবং শ্রীকাইল উত্তর-১ অনুসন্ধান কূপ এবং বেগমগঞ্জ-৪ কূপের উন্নয়ন/মূল্যায়ন কূপ প্রস্তাবনা প্রস্তুত করা হয়েছে এবং মার্চ পর্যায়ের চূড়ান্ত করা হয়েছে। সুনত্র-১ অনুসন্ধান কূপের খননোত্তর তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং সম্প্রতি আহরিত থ্রি-ডি সাইসমিক সার্ভে উপাত্ত সমন্বয়ে সুনত্র ভূগঠন পুনঃমূল্যায়ন করা হয়েছে। এর ভিত্তিতে সুনত্র-২ অনুসন্ধান কূপের প্রস্তাবনা করা হয়েছে। রূপগঞ্জ-১ কূপে গ্যাস আবিষ্কারের ফলে পেট্রেল সফটওয়্যার ব্যবহার করে রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের প্রাথমিক গ্যাস মজুদ প্রাক্কলনের লক্ষ্যে প্রাপ্ত গ্যাস জোনসমূহের রিজার্ভারের ম্যাপ প্রস্তুত করা হয়েছে। হাইড্রোকার্বন ইউনিট-এর পরামর্শক প্রতিষ্ঠান Gustavson Associates USA কর্তৃক প্রণীত প্রতিবেদন Prospect and Lead Inventory – Bangladesh তালিকা হতে বাপেক্স-এর আওতাধীন অংশে লিড-কে প্রসপেক্ট এবং প্রসপেক্ট-কে রিজার্ভ-এ রূপান্তর করার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরী করার লক্ষ্যে স্থলভাগের ১১নং ব্লকের উপর পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের কাজ চলছে।

শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্রে সুন্দলপুর-২ কূপের ভূতাত্ত্বিক ও খনন প্রোথ্রাম সম্বলিত জিওলজিক্যাল টেকনিক্যাল অর্ডার (জিটিও) প্রণয়ন করার কাজ প্রায় চূড়ান্ত হয়েছে। বিজিএফসিএল-এর অনুরোধে বাখরাবাদ-১০ উন্নয়ন কূপের সংক্ষিপ্ত জিটিও প্রণয়ন করা হয়েছে। এপ্রাইজাল অব গ্যাসফিল্ডস প্রকল্পের আওতায় রশিদপুর, কৈলাশটিলা ও সিলেট গ্যাসক্ষেত্রে সংগৃহীত থ্রি-ডি সাইসমিক সার্ভের ফলাফলের ভিত্তিতে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর অনুরোধে পাঁচটি কূপের (কৈলাশটিলা-৯, রশিদপুর-৯, ১০ ও ১২ এবং সিলেট-৯) খসড়া জিটিও প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট গ্যাসক্ষেত্রসমূহে থ্রি-ডি সাইসমিক সার্ভের ফলাফল পুনঃবিশ্লেষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পুনঃবিশ্লেষিত ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত জিটিও প্রণয়ন করা হবে।

ইপিসিবি প্রকল্পের অর্থায়নে ক্রয়কৃত নতুন কম্পিউটারজুড অনলাইন মডেলিং ইউনিটিটি পাবনায় মোবারকপুর-১ অনুসন্ধান কূপে মডেলিং সার্ভিস প্রদানের কাজে নিয়োজিত রয়েছে। অপরদিকে পুরাতন ওএফআই মডেলিং ইউনিট দ্বারা সালদানদী-৪ কূপে সার্ভিস প্রদান করা হয়েছে। এসজিএফএল-এর সাথে সম্পাদিত চুক্তির আওতায় ওয়েদারফোর্ড ইউনিট দ্বারা কৈলাশটিলা-৭ কূপে মডেলিং সার্ভিস প্রদান করা হয়েছে।



ভূতাত্ত্বিক জরিপ



ক্রস বেডিং

মোবারকপুর-১, সালদানদী-৪, কৈলাশটিলা-৭ (এসজিএফএল) খনন ও বাখরাবাদ-৫ (বিজিএফসিএল) ওয়ার্কওভার এবং গ্যাজপ্রম কর্তৃক খননকৃত শাহবাজপুর-৩ ও ৪ কূপসমূহে ওয়্যারলাইন লগিং কার্যক্রম সরেজমিন তদারকি করা হয়েছে এবং ভূতাত্ত্বিক পরামর্শক সেবা প্রদান করা হয়েছে। কৈলাশটিলা-৭ (এসজিএফএল) খনন ও বাখরাবাদ-৫ (বিজিএফসিএল) ওয়ার্কওভার কূপসমূহে লগ উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ পূর্বক ডিএসটি/প্রোডাকশন পারফোরেশন দক্ষভাবে সম্পন্ন করা হয়েছে।

উল্লিখিত কাজের পাশাপাশি নতুন খননকৃত কূপে নতুন গ্যাসস্তর প্রাপ্তি সাপেক্ষে টেকলগ সফটওয়্যারের মাধ্যমে মজুদ পুনঃমূল্যায়ন এবং কোম্পানীর আওতাধীন গ্যাসক্ষেত্র সমূহের রিজার্ভ মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। সালদানদী-৪ কূপ ইতিমধ্যে খনন শেষ হয়েছে। ওয়্যারলাইন লগ ডাটা বিশ্লেষণ করে ডিএসটি-র জন্য পারফোরেশন গভীরতা নির্ধারণ করা হয়।

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার নির্দেশনাক্রমে দেশের ৬টি জেলার ৭টি স্থানে গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন করা হয়। পরবর্তীতে সংগৃহীত নমুনা পরীক্ষাগারে বিশ্লেষণপূর্বক প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

ভূপদার্থিক কার্যক্রম

টু-ডি সাইসমিক সার্ভে: তেল/গ্যাস অনুসন্ধান বিবেচনায় বাংলাদেশ পৃথিবীর অন্যতম স্বল্প অনুসন্ধানকৃত দেশের একটি। বাংলাদেশে তেল/গ্যাস অনুসন্ধান কার্যক্রম মূলত দেশের পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় সীমাবদ্ধ। ইতোপূর্বে সম্পাদিত বিভিন্ন ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক জরীপ এবং সম্প্রতি পরিচালিত জরীপের ফলাফল বিশ্লেষণ করে ধারণা করা যায় যে, দেশের মধ্যাঞ্চল তেল/গ্যাস অনুসন্ধানের জন্য একটি আকর্ষণীয় ক্ষেত্র হিসাবে বিবেচিত হতে পারে যা ভূতাত্ত্বিক ভাবে বেঙ্গল ফোরডিপ ও হিঞ্জলোন নামে পরিচিত। “টু-ডি সাইসমিক প্রজেক্ট অফ বাপেক্স” শীর্ষক প্রকল্পের আওতায় সাইসমিক জরীপ সম্পাদনের মূল উদ্দেশ্য হচ্ছে দেশের স্বল্প অনুসন্ধানকৃত জরীপ অঞ্চলের পাশাপাশি তেল/গ্যাস মজুদের জন্য প্রমাণিত অঞ্চল সমূহে অবশিষ্ট ভূতাত্ত্বিক কাঠামো সমূহে সাইসমিক জরীপ পরিচালনা করে সম্ভাব্য কূপ খননের স্থান সমূহ নির্ধারণ করা। এ লক্ষ্যে ২০১৪-১৫ মার্চ মৌসুমে বাপেক্সের জন্য বরাদ্দকৃত অনুসন্ধান ব্লক-৮ এ জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, টাংগাইল ও তৎসংলগ্ন এলাকায় ৭২০ লাইন কিঃমিঃ টু-ডি উপাত্ত সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশনের ফলাফল অনুযায়ী আনুমানিক ২০টি সাইসমিক লিড চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত লিড সমূহে ডিটেইল সাইসমিক জরীপ পরবর্তী সম্ভাব্য অনুসন্ধান কূপ খননের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান প্রাকৃতিক গ্যাসের চাহিদা পূরণে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে প্রতীয়মান হয়।



সাইসমিক ডাটা সংগ্রহের জন্য এক্সপ্লোসিভ ব্লাস্টিং



সাইসমিক ডাটা রেকর্ডিং ওয়্যাপনে পেট্রোবাংলার চেয়ারম্যান ও পরিচালক অপারেশন

ত্রিমাত্রিক (থ্রি-ডি) সাইসমিক সার্ভে: “৩ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স” শীর্ষক প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০১২ হতে নভেম্বর, ২০১৭ সময়কালে ১৮২.৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জিডিএফ ফান্ড এর অর্থায়নে সুনত্র, শ্রীকাইল, সুন্দলপুর-বেগমগঞ্জ, নরসিংদী, হবিগঞ্জ এবং শাহবাজপুর গ্যাসক্ষেত্র/ভূগঠন সমূহে ১৯৫০ বর্গ কি.মি. থ্রি-ডি সাইসমিক সার্ভে কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২০১৪-১৫ মার্চ মৌসুমে শাহবাজপুর গ্যাসক্ষেত্রে ২৯৮ বর্গ কি. মি. এবং শ্রীকাইল গ্যাসক্ষেত্রে ১৫০ বর্গ কি. মি. সহ সর্বমোট ৪৪৮ বর্গ কি. মি. এলাকায় থ্রি-ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়। আলোচ্য অর্থ বছরে শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উপর সংগৃহীত উপাত্তের প্রক্রিয়াকরণ কাজ এবং সুনত্র ভূগঠনে সংগৃহীত উপাত্তের বিশ্লেষণ কাজ সম্পন্ন হয়।

পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয় ১৪ ফেব্রুয়ারী, ২০১৫ তারিখে এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের মাননীয় সচিব মহোদয় ১৫ মার্চ, ২০১৫ তারিখে শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ট্রি-ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন।

পরীক্ষাগার বিভাগের কার্যক্রম

পরীক্ষাগার বিভাগ বাপেক্সের তৈল-গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও উন্নয়ন কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ল্যাব সার্ভিসের অংশ হিসেবে এ বিভাগে গ্যাস, কনডেনসেট, পানি, রক, কোর, আউটক্রপ, সিমেন্ট ইত্যাদি নমুনার ভূতাত্ত্বিক, ভূ-রাসায়নিক ও পেট্রোফিজিক্যাল বিশ্লেষণ করা হয়ে থাকে। ২০১৪-২০১৫ অর্থ বছরে বাপেক্সের নিজস্ব ৭টি উৎপাদন কূপ (সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, শ্রীকাইল, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর ও বেগমগঞ্জ) ও ৬টি অনুসন্ধান ও উন্নয়ন কূপ (রূপগঞ্জ-১, সেমুতাং-৬, বেগমগঞ্জ-৩, শাহবাজপুর-৩ ও ৪, কৈলাসটিলা-৭) থেকে সংগৃহীত ১৯৩টি গ্যাস, ৭২টি কনডেনসেট ও ৭২টি পানি নমুনা, মোবারকপুর-১ খনন কূপ থেকে প্রেরিত ২টি সিমেন্ট ও ৪টি কাটিং নমুনা, ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক প্রেরিত ৭টি সীপ গ্যাস ও ১টি পানি নমুনা, জলদি ভূ-গঠনের ৫৮টি আউটক্রপ নমুনা এবং উন্নয়ন কূপ (সেমুতাং-৬, বেগমগঞ্জ-৩, শাহবাজপুর-৩ ও -৪) থেকে সংগৃহীত ৩৬টি সম্পূর্ণ কোর (পেট্রোফিজিক্যাল) ও ২৫টি কোর (জিওলজিক্যাল) নমুনাসহ সর্বমোট ৪৭০টি নমুনা বিশ্লেষণান্তে মোট ৮০টি কারিগরি প্রতিবেদন প্রণয়ন করা হয়। শ্রীকাইল-৩ কূপের কোর অ্যানালাইসিস এর উপর বাপেক্স বোর্ড রুমে একটি প্রেজেন্টেশন প্রদান করা হয়েছে।

এছাড়া সিলেট গ্যাস ফিল্ডস লি: কর্তৃক প্রেরিত রশিদপুর-৮ কূপের ২৭টি সম্পূর্ণ কোর ও ৬টি রিজার্ভারীর ফুইড (গ্যাস ও পানি) নমুনা এবং ভোলা ২২৫ মেগাওয়াট পাওয়ার প্লান্ট থেকে সংগৃহীত ৩টি গ্যাস নমুনা বিশ্লেষণ শেষে সর্বমোট ৫টি প্রতিবেদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদান করা হয়। আলোচ্য অর্থ বছরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একজন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রের গবেষণা কাজে বিভিন্ন প্রকার সহায়তা প্রদান করা হয়েছে।



এক্স-রে ডিফ্রাক্টোমিটার



এটোমিক এবজরপশন স্পেকট্রোস্কোপ

ডাটা ম্যানেজমেন্ট বিভাগের কার্যক্রম

ডাটা ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক পেট্রোবাংলার অধীনে প্রোডাকশন শেয়ারিং কন্ট্রাস্ট (পিএসসি) এর মাধ্যমে বিদেশী কোম্পানীসমূহ এবং পেট্রোবাংলার বিভিন্ন সাবসিডিয়ারী কোম্পানীসমূহকে হাইড্রোকার্বন অনুসন্ধান এবং উৎপাদন ডাটা বিষয়ে দক্ষতার সহিত সেবা প্রদান করা হয়। এ বিভাগে সংরক্ষিত সকল ধরনের হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত ডাটার হার্ডকপিসমূহের পরিবর্তিত স্ক্যান/ইমেজ কপি এবং ফিল্ড ম্যাগনেটিক টেপে বিভিন্ন ফরমেটের (TIAC, Sequential, SEG-A, B, C, D) সাইসমিক ডাটাসমূহকে SEG-Y ফরমেটে রূপান্তরিত করে সফটশিপি হিসেবে ডিভিডি, এলটিও, এক্সটারনাল হার্ডডিস্কে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। গত ১ জানুয়ারি ২০১৫ তারিখে পেট্রোবাংলার চেয়ারম্যান অত্র বিভাগ পরিদর্শনকালে সংরক্ষিত ডাটাসমূহের একটি ব্যাকআপ কপি বাপেক্স ভবনে রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক অত্র বিভাগের অনুকূলে বাপেক্স ভবনে ২টি কক্ষ বরাদ্দ প্রদান করা হয়। এ বিভাগে সংরক্ষিত যাবতীয় এক্সপ্লোরেশন এবং প্রোডাকশন ডাটাসমূহের ব্যাকআপ কপি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। তাছাড়া, পেট্রোবাংলা এবং বাপেক্সের উচ্চপদস্থ কর্মকর্তাগণের নির্দেশনার আলোকে এ বিভাগের জন্য আধুনিক ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সফটওয়্যার ক্রয় করার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

খনন ও ওয়ার্কওভার কার্যক্রম

বাখরাবাদ ৫ নং কূপ ওয়ার্কওভার :

বাপেক্স ও বিজিএফসিএল-এর মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় বাখরাবাদ-৫ কূপ ZJ40DBT (বিজয়-১১) রিগ দ্বারা ১৫-০৩-২০১৪ তারিখ ওয়ার্কওভার কাজ শুরু করা হয় এবং ২৩-০৮-২০১৪ তারিখ ওয়ার্কওভার কাজ সমাপ্ত করা হয়। কূপটি রিকমিশনিং করে দৈনিক ৫ মিলিয়ন ঘনফুট উৎপাদিত গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে।

কৈলাসটিলা-৭ নং কূপ খনন :

বাপেক্স ও এসজিএফএল-এর মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় ZJ70DBS (বিজয় ১০) রিগ দ্বারা ১৭-১০-২০১৪ তারিখে কৈলাসটিলা-৭ নং কূপ খনন শুরু করা হয়। ১১-০১-২০১৫ তারিখ ৩৫৫৫ মিটার গভীরতায় খনন কাজ সমাপ্ত করা হয়। কূপটি হতে দৈনিক ২-৩ মিলিয়ন ঘনফুট উৎপাদিত গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে।

মোবারকপুর-১ নং কূপ খনন :

ZJ50DB (বিজয় ১২) রিগ চট্টগ্রাম পোর্ট হতে মোবারকপুর-১ কূপ এলাকায় স্থানান্তর হয়। ২২-০৮-২০১৪ তারিখ খনন শুরু করা হয়। ৪৩৭৯ মিটার গভীরতা পর্যন্ত খননের পর কূপ লগিং এর জন্য স্ট্রিং কূপ হতে তোলা হয়। পুনরায় রিমিং করে যাওয়ার সময় ০৩-০৬-২০১৫ তারিখ ৪১৭৫ মিটার গভীরতায় ড্রিল পাইপ স্টাক হয়। বাপেক্স বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মেসার্স হ্যালিবারটন এর সহযোগিতায় পরবর্তী অপারেশন পরিচালনা প্রক্রিয়াধীন আছে।

সালদানদী-৪ নং কূপ খনন :

গার্ডনার-ডেনভার ই-১১০০রিগ দ্বারা ০৮-০৮-২০১৪ তারিখ সালদানদী-৪ ডিরেকশনাল কূপ খনন শুরু করা হয়। ২৬৮৪ মিটার খনন গভীরতা হতে পুলিং আউট করার সময় ২৬০১ মিটার গভীরতায় পাইপ স্টাক হয়। বাপেক্স এর কারিগরী সভার সিদ্ধান্ত এবং বাপেক্স বোর্ডের অনুমোদনের প্রেক্ষিতে মেসার্স হ্যালিবারটন এর সহযোগিতায় ২৭৭৬ মিটার ডিরেকশনাল ড্রিলিং সম্পন্ন করা হয়েছে।



মোবারকপুর-১ খননরত বিজয় ১২ (ZJ50DBS) রিগ



ড্রিলিং কনসোল



খনন কাজে নিয়োজিত ড্রিলিং ক্রু

উৎপাদন কার্যক্রম

বাপেক্স এর আটটি গ্যাসক্ষেত্রের মধ্যে সাতটি গ্যাস ফিল্ড হতে ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট উৎপাদিত গ্যাসের পরিমাণ ছিল ৩৯.৭৭ বিসিএফ। উৎপাদিত গ্যাস বিজিডিসিএল, কেজিডিসিএল, এসজিসিএল এর নিকট বিক্রয় করা হয়। এছাড়া উপজাত হিসেবে মোট ৩৬৬৮.৩৯ হাজার লিটার কনডেনসেট উৎপন্ন হয় যা বিজিএফসিএল, এসজিএফএল এবং সুপার রিফাইনারী কোম্পানী লিমিটেড এর কাছে বিক্রি করা হয়। আলোচ্য অর্থবছরের ০৩-০৩-২০১৫ তারিখে গ্যাজপ্রম কর্তৃক খননকৃত বেগমগঞ্জ-৩ কূপ থেকে উৎপাদন শুরু হয় এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লি: এর কাছে উৎপাদিত গ্যাস বিক্রি করা হয়।

২০১৪-২০১৫ অর্থ বছরে বিক্রয়কৃত গ্যাস ও কনডেনসেটের বিবরণ নিম্নের ছকে দেয়া হলো:

আলোচ্য বছর ও পূর্ববর্তী বছরের গ্যাসক্ষেত্র সমূহের উৎপাদন বিবরণী

গ্যাসক্ষেত্র	গ্যাস (মিলিয়ন ঘনফুট)		কনডেনসেট (হাজার লিটার)	
	২০১৪-২০১৫	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	২০১৩-২০১৪
সালদানদী	৪,০০৯.৫৪	৫,৪২৩.৫৪	১০৪.৭১	২০৯.২২
ফেঞ্চগঞ্জ	১৩,৮৪৯.৯০	১৪,০০৮.৪৩	১৪৯৫.৪৩	১,৪৪৮.৪৯
শ্রীকাইল	১৪,৬১৪.০৪	১৫,৫০৩.৪৭	১৯৪০.৬৬	২,৪৬৬.৯০
শাহবাজপুর	৩,২১৭.০৭	৭৪১.০৫	৩০.৬৯	৬.১৬
সেমুতাং	২,০৮১.৭২	২,৬৪৬.৫৩	৭৪.০৩	১৫৮.২৯
শাহজাদপুর-সুন্দলপুর	১৪,৬৪.০৪	২,৮১৫.৩৭	৭.২০	১২.৬২
বেগমগঞ্জ	৫৩৭.২৫	-	১৫.৬৬	-
মোট	৩৯,৭৭৩.৯৬	৪১,১৩৮.৩৯	৩৬৬৮.৩৯	৪,৩০১.৬৮

প্রকৌশল বিভাগ

গার্ডনার ডেনভার ই-১১০০ রিগ :

২০১৪-২০১৫ অর্থ বছরে সালদা-৪ কূপ এলাকায় রিগ ও রিগ যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ, ইরেকশন, টেস্টিং ও কমিশনিং করে সালদা-৪ কূপের খনন কাজে নিয়োজিত করা হয়েছে। সালদা-৪ কূপের খনন চলাকালীন প্রতিনিয়ত রিগ ও রিগ যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়েছে।

আইডিকো এইচ-১৭০০ রিগ :

আলোচ্য অর্থ বছরে রূপগঞ্জ কূপ এলাকায় রিগ ও রিগ যন্ত্রপাতি বিয়োজন, মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। রিগটির পুনর্বাসন কাজ চলমান আছে।

বিজয়-১০ (ZJ70DBS AC-AC VFD RIG) :

আলোচ্য অর্থ বৎসরে কৈলাশটিলা-৭ কূপ এলাকায় এই রিগ ও রিগ যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ, ইরেকশন, টেস্টিং ও কমিশনিং করে কৈলাশটিলা-৭ কূপের খনন কাজে নিয়োজিত করা হয়। কৈলাশটিলা-৭ কূপের খনন চলাকালীন প্রতিনিয়ত রিগ ও রিগ যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়েছে এবং সফলভাবে কৈলাশটিলা-৭ কূপের খনন কাজ শেষ হয়েছে।

বিজয়-১১ (ZJ40DBT) :

২০১৪-২০১৫ অর্থ বছরে এই রিগ দ্বারা বাখরাবাদ-৫ কূপের ওয়ার্কওভার কাজ শেষ করা হয়েছে। ওয়ার্কওভার চলাকালীন প্রতিনিয়ত

রিগ ও রিগ যন্ত্রপাতির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়েছে। তারপর ওয়ার্কওভার কাজ শেষে রিগ ও রিগ যন্ত্রপাতি বিয়োজন করে তিতাস-২১ ওয়ার্কওভার প্রকল্পে স্থানান্তর করা হয়েছে। সেখানে রিগ ও রিগ যন্ত্রপাতির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে।

বিজয়-১২ (ZJ50DBS) :

২০১৪-২০১৫ অর্থ বছরে মোবারকপুর কূপ এলাকায় এ রিগ ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, ইরেকশন, টেস্টিং ও কমিশনিং করে মোবারকপুর কূপের খনন কাজে নিয়োজিত করা হয়েছে। মোবারকপুর কূপের খনন চলাকালীন প্রতিনিয়ত রিগ ও রিগ যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়েছে।

পি-৮০ ওয়ার্কওভার রিগ :

১৯৭৯ সনে রিগটি ক্রয়ের পর থেকে এ পর্যন্ত ২২টি গ্যাস উৎপাদন কূপের ওয়ার্কওভার কাজ করা হয়েছে। আলোচ্য অর্থ বছরে রিগ ও রিগ যন্ত্রপাতি ফেঞ্চগঞ্জ-২ কূপ এলাকায় মেরামত ও রক্ষণাবেক্ষণ করে সংরক্ষণ করে রাখা হয়েছে। রিগের বর্তমান অবস্থায় আর কোন কূপের কাজ করা নিরাপদ ও সাশ্রয়ী হবেনা।

কেন্দ্রীয় কারখানা, চট্টগ্রাম : কেন্দ্রীয় কারখানায় জীপ, ফর্কলিফটার, ট্রাক, ক্রেন, পাইপ কেরিয়ার, ট্রেইলার ইত্যাদির মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। এতদব্যতীত কেন্দ্রীয় কারখানার মেশিন শপে বিভিন্ন ধরনের খনন যন্ত্রপাতি মেরামত ও যন্ত্রাংশ তৈরী এবং ইলেকট্রিক শপে বিভিন্ন ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি যেমনঃ মটর, ওয়েল্ডিং মেশিন, জেনারেটর, এসি ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। অত্র অর্থ বছরে কূপ খনন/ওয়ার্কওভার কাজের জন্য বিভিন্ন প্রকল্পে রিগ যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ, খনন মালামাল, টেস্টিং মালামাল এবং মাড কেমিক্যাল নিজস্ব যানবাহন দ্বারা স্থানান্তর করা হয়েছে।

কেন্দ্রীয় মটরযান মেরামত কারখানা, ঢাকা : বাপেক্সের যানবাহন পুলের যানবাহন যেমন : জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদির মেরামত, রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং কাজ সম্পন্ন করা হয়েছে।

টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ

২০১৪-২০১৫ অর্থ বছরে টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের নিয়ন্ত্রনাধীন এবং অন্তর্ভুক্ত উপ-বিভাগসমূহের তত্ত্বাবধানে এসজিএফএল এর কৈলাশটিলা-৭ খনন কূপ এবং বিজিএফসিএল এর বাখরাবাদ-৫ ওয়ার্কওভার কূপ-এ কারিগরী সেবা প্রদান করা হয়েছে। তাছাড়া বাপেক্স এর মোবারকপুর-১ এবং সালদানদী-৪ কূপ খননের কাজ চলমান আছে। টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ হতে মাড ইঞ্জিনিয়ারিং, ওয়েল সিমেন্টেশন এবং ওয়েল টেস্টিং বা কূপ পরীক্ষণ সেবা প্রদান করা হয়।



সলিড কন্ট্রোল ইকুইপমেন্ট (বামে শেল শেকার ও ডি-গ্যাসার এবং ডানে ডি-সিল্টার)

মাড ইঞ্জিনিয়ারিং:

ভূতাত্তিক ও খনন বিভাগ হতে প্রাপ্ত জিটিও এবং ড্রিলিং প্রোগ্রাম এর আলোকে উপরোল্লিখিত কূপ সমূহের মাড প্রোগ্রাম তৈরী ও তদানুযায়ী ড্রিলিং মাড এর বিভিন্ন বৈশিষ্ট্য যেমন: Sp.Gr., Viscosity, pH, gel strength, Fluid loss, Yield Piont, Solid percent, Chloride content, Oil content ইত্যাদি নিয়ন্ত্রণ করে মাড এবং কমপ্লিশন ফ্লুইড তৈরী করা হয়। তাছাড়াও মোবারকপুর-১ এবং সালদানদী-৪ কূপ সম্পাদনের লক্ষ্যে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান রয়েছে।

ওয়েল সিমেন্টেশন :

অনুসন্ধান ও উন্নয়ন কূপ খননকালে সংগৃহীত তথ্যও উপাত্তের ভিত্তিতে সূচুভাবে পর্যায়ভিত্তিক কেসিং সিমেন্টিং এর সিমেন্ট, সিমেন্ট এডিটিভস নির্বাচনপূর্বক Slurry design, leak-off test এবং ওয়ার্কওভার কূপসমূহে কূপ নিয়ন্ত্রণের প্রয়োজনে Bull heading, Cement squeezing, Plug placing, Stuck free fluid placing, Cementation services during DST/Production testing & Pressure testing during Completion phases, Well control etc. এবং সিমেন্টেশন সার্ভিস প্রদান এবং কূপ নিয়ন্ত্রণ এর যাবতীয় কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করা হয়।

কূপ পরীক্ষণ সার্ভিস :

কূপের মাদলগ এবং ওয়্যার লাইন লগ বিশ্লেষণ ও মূল্যায়নপূর্বক সম্ভাব্য হাইড্রোকার্বন মজুদ জোন সনাক্ত করা হয়। সনাক্তকৃত এ জোনগুলো পারফোরেশন/রি-পারফোরেশন করে ডিএসটি ও প্রোডাকশন টেস্ট করা হয়। এ প্রক্রিয়ায় কূপে উৎপাদনযোগ্য গ্যাস/কনভেনসেন্ট এর উপস্থিতি নিশ্চিত করার মাধ্যমে AOF/Optimum Flow নিরূপণ করা হয়। কূপ পরীক্ষণ উপ-বিভাগ কর্তৃক এসজিএফএল এর কৈলাশটিলা-৭ খনন কূপে ডিএসটি ও ফ্লো টেস্ট সম্পাদন করা হয়েছে এবং বাখরাবাদ-৫ ও শাহবাজপুর-৪ নং কূপে কারিগরী সহায়তা প্রদান করা হয়েছে।

চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়

বাপেক্স-এর অত্যাবশ্যক অংশ হিসেবে চট্টগ্রাম কার্যালয় কার্যালয়টি চারতলা প্রশাসনিক ভবনসহ তিনটি বড় ওয়্যারহাউজ, একটি মেশিন শপ, একটি অটোমোবাইল শপ, একটি ইলেকট্রিক শপ, ক্রেন, ভারী যানবাহন সমন্বয়ে চট্টগ্রাম-এর পশ্চিম নাসিরাবাদ-এ অবস্থিত। চলতি অর্থ বছরে কেন্দ্রীয় কারখানা, চট্টগ্রাম কূপ খনন/ ওয়ার্কওভার কাজের জন্য বিভিন্ন প্রকল্পে রিগ যন্ত্রপাতি, খনন মালামাল, টেস্টিং মালামাল, মাদ কেমিক্যাল নিজস্ব যানবাহন দ্বারা স্থানান্তর কাজ করা হয়েছে। আলোচ্য বছরে বিভিন্ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন রিগ যন্ত্রপাতি ও মালামাল বিদেশ থেকে আমদানির কারণে চট্টগ্রাম কার্যালয় অত্যন্ত ব্যস্ততম সময় অতিবাহিত করেছে। এখানে সকল ভারী যানবাহন যেমন ক্রেন, লং বডি ট্রাক, পাইপ কেরিয়ার, ট্রেইলার ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়। এতদ্ব্যতীত কেন্দ্রীয় কারখানার মেশিন শপে বিভিন্ন ধরনের খনন যন্ত্রপাতি মেরামত ও যন্ত্রাংশ তৈরী এবং ইলেকট্রিক শপে বিভিন্ন ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি যেমনঃ মটর, ওয়েল্ডিং মেশিন, জেনারেটর, এসি ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়। এ স্থাপনায় বাপেক্স-এর নিজস্ব মালামাল ছাড়াও যৌথ সহযোগী প্রতিষ্ঠানের আমদানীকৃত মালামাল সাময়িকভাবে সংরক্ষণ করা হয়। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন পতেঙ্গার চারটি কেমিক্যালস ওয়্যারহাউজ, একটি পাইপ ইয়ার্ড এবং পোমরায় একটি বিস্কোরক ম্যাগাজিন রয়েছে।



রিগ বিযোজন



ডিজেল জেনারেটর


পরিকল্পনা বিভাগের কার্যক্রম

কোম্পানীর ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়ণ, তদানুযায়ী বাস্তবায়ন পরিবীক্ষণ এবং সার্বিক কর্মকাণ্ডের উপর প্রতিবেদন প্রস্তুত পরিকল্পনা বিভাগের অন্যতম প্রধান কাজ। তেল ও গ্যাস অনুসন্ধানের ক্ষেত্রে বিভিন্ন মেয়াদি পরিকল্পনা প্রণয়ণে এ বিভাগ অগণী ভূমিকা পালন করে থাকে। ২০১৪-১০১৫ অর্থবছরে কোম্পানীর বিভিন্ন প্রকল্প প্রণয়ন, প্রকল্প মূল্যায়ন, প্রকল্পের কাজের ভৌতিক ও আর্থিক অগ্রগতি তদারকী এবং প্রতিবেদন প্রস্তুত, উৎপাদন সম্পর্কিত প্রতিবেদন এবং এনভায়রনমেন্ট এন্ড সেফটি বিষয়ক বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করতঃ পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয় এবং সরকারের বিভিন্ন দপ্তরের চাহিদা অনুযায়ী প্রেরণ করা হয়েছে। তাছাড়া রুটিন কাজ হিসেবে কোম্পানীর বিভিন্ন কার্যক্রমের উপর সাপ্তাহিক, মাসিক, বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করতঃ পেট্রোবাংলা, মন্ত্রণালয় ও প্লানিং কমিশনে প্রেরণ করা হয়েছে। নতুন নতুন প্রকল্পের পিসিপি, পিডিপিপি, ডিপিপি, টিএপিপি প্রণয়ন করতঃ

কর্তৃপক্ষের বিবেচনার জন্য উপস্থাপন করা এ বিভাগের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। এ প্রেক্ষিতে আলোচ্য অর্থ বছরে ১০,২০০.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রাসহ মোট ১১,৬৬৭.০০ লক্ষ টাকা ব্যয়ে “শ্রীকাইল গ্যাস ক্ষেত্রের জন্য প্রসেস প্ল্যান্ট সংগ্রহ” শীর্ষক প্রকল্প, শাহাজাদপুর-সুন্দলপুর গ্যাস ক্ষেত্রের গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪,৮৮৫.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রাসহ মোট ৭,৫৪৫.০০ লক্ষ টাকা ব্যয়ে “শাহাজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর-২) এপ্রাইজাল/ডেভেলপমেন্ট ওয়েল ড্রিলিং” শীর্ষক প্রকল্প এবং আইডিকো রিগের ইঞ্জিন মাদ ট্যাংক এবং ইলেকট্রিক্যাল পাওয়ার সিস্টেম পুনর্বাসনকরণের লক্ষ্যে ৩,৪৪০.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রাসহ মোট ৩,৮৯০.০০ লক্ষ টাকা ব্যয়ে “আইডিকো রিগের ইঞ্জিন মাদ ট্যাংক এবং ইলেকট্রিক্যাল পাওয়ার সিস্টেম পুনর্বাসনকরণ” শীর্ষক প্রকল্প-এর ডিপিপি প্রণয়নসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করা হয়েছে। এ ছাড়া বাস্তবায়নাধীন ও বাস্তবায়িতব্য প্রকল্পের ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করা হয়েছে।

তথ্য প্রযুক্তি উন্নয়ন কার্যক্রম

বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা বিভাগের অধীন আইসিটি উপবিভাগ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আইসিটি উপবিভাগ বাপেক্সের ডবন ও Mail server পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করে। এ ছাড়া Dedicated internet line এর সাহায্যে Online Mud Logging unit, Digital Drilling এবং Seismic I Geological data monitoring system সচল রাখছে। সমস্ত বাপেক্স ভবন Wifi network এর আওতাধীন। বর্তমানে বাপেক্সের ২৭৫টি Desktop I Laptop computer-এ Wifi এর সাহায্যে Internet সুবিধা প্রদান করা হচ্ছে। আইসিটি উপবিভাগের তত্ত্ববধানে বাপেক্স ভবনে আধুনিক প্রযুক্তি সম্পন্ন Internet Protocol PABX (IP-PABX) System চালু করা হয়েছে। এ ছাড়া E-governance ও E-tendering system চালু প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৫ সালের নভেম্বর মাসে লন্ডনে ICSID-এ চলমান নাইকো-বাপেক্স চলমান Arbitration এর শুনানী অনুষ্ঠিত হয়। লন্ডনে শুনানীর প্রাক্কালে পেট্রোবাংলা-বাপেক্স নিয়োগকৃত আইনজীবীদের সাথে বাপেক্স ভবনে Video Conferencing এর মাধ্যমে আলোচনা অনুষ্ঠিত হয়। আইসিটি উপবিভাগ Dedicated Internet Line এর সাহায্যে উক্ত নিরবিচ্ছিন্ন Video Conferencing এর কারিগরী সহায়তা প্রদান করে।



বাপেক্স-এর নতুন ওয়েবসাইট উদ্বোধন করেন জ্বালানি সচিব ও বাপেক্স পরিচালক পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ আবুবকর সিদ্দিক

গত ২৩-০৪-২০১৫ তারিখে আনুষ্ঠানিকভাবে বাপেক্স-এর নতুন ওয়েবসাইট উদ্বোধন করেন জ্বালানি সচিব ও বাপেক্স পরিচালক পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ আবুবকর সিদ্দিক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পেট্রোবাংলার চেয়ারম্যান জনাব ইসতিয়াক আহমেদ এবং বাপেক্স পরিচালিত পর্ষদের অন্যান্য পরিচালকবৃন্দ। আইসিটি উপবিভাগ বাপেক্সের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে আপডেট করে থাকে। ওয়েব পোর্টালটির বাংলা ভাষা চালু করার প্রক্রিয়া চলছে।

মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম

পরিকল্পনা বিভাগের আওতাধীন এইচআরএম উপ-বিভাগ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে এ উপ-বিভাগের কাজের পরিধি ও বহুগুন বৃদ্ধি পেয়েছে। মানব সম্পদ উন্নয়নের বিষয়টি বাপেক্স বরাবরই বিশেষ গুরুত্ব আরোপ করে থাকে। এ লক্ষ্যে প্রশিক্ষণ চাহিদানুযায়ী কোম্পানী কর্মকর্তা-কর্মচারীদের জ্ঞান অর্জন, মেধা বিকাশ ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট ৩২৩ জন কর্মকর্তা স্থানীয় এবং বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ অংশগ্রহণ করেছেন। এতে রাজস্ব বাজেট হতে প্রায় ২ কোটি ১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

বৈদেশিক প্রশিক্ষণ তালিকা

ক্রম	প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর সংখ্যা	প্রশিক্ষণ অনুষ্ঠানের স্থান/দেশ
১	অকুপেশনাল হেলথ, সেফটি এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট	১০	ইউনিভার্সিটি অব পেট্রোলিয়াম এন্ড এনার্জি স্টাডিজ, দেহাদুন, ভারত
২	২ডি টপো সার্ভেয়িং	২	ট্রিম্বল নেভিগেশন, সিঙ্গাপুর
৩	৩ডি সাইসমিক ডিজাইন এন্ড কিউসি (৩ডি সাইসমিক ডিজাইনিং সফটওয়্যার জিওল্যান্ড)	২	সিজিজি ইউনিভার্সিটি, ফ্রান্স
৪	রিজার্ভয়ার এন্ড এক্সপ্লোরেশন জিওসাইন্স	৩	মিটসুই ওয়েল এক্সপ্লোরেশন কোং লিঃ, জাপান
৫	ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারিং প্লান্ট ডিজিট এন্ড প্র্যাকটিকাল ডিএসটি অপারেশন অব ডিএসটি টুলস	২	হেলিবার্টন ইন্টারন্যাশনাল, ইউএসএ
৬	৩ডি ইকুইপমেন্ট মেইনটেন্যান্স এন্ড আইটি (৩ডি সাইসমিক সফটওয়্যার এন্ড ইকুইপমেন্ট ইউজড ইন বাপেক্স)	৪	সার্সেল, ফ্রান্স
৭	৩ডি সাইসমিক রেকর্ডিং অপারেশন (৩ডি সাইসমিক ফিল্ড অপারেশন বেইজড অন সার্সেল ৪২৮এক্সএল সিস্টেম এন্ড রিলেটেড সফটওয়্যার)	৪	সার্সেল, ফ্রান্স
৮	গ্যাস প্রসেস প্লান্ট অব সিমুলেশন, অপারেশন এন্ড মেইনটেন্যান্স	৪	স্পেক এনার্জি ডিএমসিসি, ইউএই
৯	৩ডি সার্ভেয়িং (বেইজড অন ৩ডি সাইসমিক সার্ভেয়িং ট্রিম্বল আর৮জিএনএসএস টিআরকে এন্ড এস৬ রোবটিক টোটাল স্টেশন ইকুইপমেন্ট এন্ড সফটওয়্যার)	৩	ট্রিম্বল নেভিগেশন, সিঙ্গাপুর
১০	উইটনেস এন্ড অবজারভার অব ওয়ারলাইন লগ ডাটা প্রসেসিং এন্ড এনালিসিস কম্পিউটার সেন্টার	৩	চায়না পেট্রোলিয়াম লগিং কোঃ লিঃ, গণচীন
১১	কনফ্লিক্ট ম্যানেজমেন্ট	১৪	ইউনিভার্সিটি কেবাংসন, মালয়েশিয়া
১২	ফিন্যানশিয়াল প্লানিং, বাজেটিং এন্ড কস্ট কন্ট্রোল	১০	মাহিডল ইউনিভার্সিটি, থাইল্যান্ড
১৩	২ ডি সাইসমিক ডাটা ইন্টারপ্রিটেশন	৩	জিওট্রেস টাইগ্রেস ট্রেনিং ইনস্টিটিউট, যুক্তরাজ্য
১৪	আইডব্লিউসিএফ ওয়েল কন্ট্রোল সার্টিফিকেট কোর্স	৪	ওএনজিসি, দেহাদুন, ভারত
১৫	আইডব্লিউসিএফ ওয়েল কন্ট্রোল সার্টিফিকেট কোর্স	৪	ওএনজিসি, দেহাদুন, ভারত
১৬	প্লানিং, অগ্রানাইজিং এন্ড ডেলিগেটিং স্কিলস	৭	ওজিটিএসআই, তুরস্ক
১৭	অকুপেশনাল হেলথ, সেফটি এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট	১৩	ইউনিভার্সিটি কেবাংসন, মালয়েশিয়া
১৮	কিক অব মিটিং	৫	জিকম এন্ড সিনোপেক, গণচীন
১৯	২ডি সাইসমিক ডিজাইন এন্ড কিউসি	২	সিজিজি ইউনিভার্সিটি, ফ্রান্স
২০	২ডি সাইসমিক ডাটা প্রসেসিং	২	সিজিজি ইউনিভার্সিটি, ফ্রান্স
২১	২ডি ইকুইপমেন্ট মেইনটেন্যান্স এন্ড আইটি	২	সার্সেল, ফ্রান্স
২২	২ডি সাইসমিক রেকর্ডিং অপারেশন	২	সার্সেল, ফ্রান্স
২৩	প্রিশিফমেন্ট ইনস্পেকশন	২	চায়না পেট্রোলিয়াম পাইপলাইন ব্যুরো, গণচীন
২৪	ডাউনহোল প্রবেলমস, ল্যাবরেটরী এনালিসিস অব মাদ এন্ড ফরমেশন ফ্লুইড ইউজিং অব মাদ টেস্টিং এপারেটর এন্ড রিএজেন্ট	৪	ডিজি কোয়েস্ট এসডিএন বিএইচডি, মালয়েশিয়া
মোট		১১১ জন	১১ টি দেশে

স্থানীয় প্রশিক্ষণ তালিকা

ক্রম	প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর সংখ্যা	আয়োজনকারী সংস্থার নাম
১	সাইসমিক ইন্টারপ্রিটেশন ইন ফোল্ড এন্ড থ্রাস্ট বেল্ট	৬	ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২	ইনকাম ট্যাক্স, ভ্যাট এন্ড কাস্টম	৫	আইসিএমএবি, ঢাকা
৩	প্রজেক্ট ম্যানেজমেন্ট	৪	বিপিআই, উত্তরা, ঢাকা
৪	পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট, ২০০৬ এন্ড পিপিআর	৫	বিপিআই, উত্তরা, ঢাকা
৫	প্রকিউরমেন্ট অব গুডস, ওয়ার্কস এন্ড সার্ভিসেস	৮	ইএসসিবি, গজারিয়া, মুন্সিগঞ্জ
৬	ফিন্যানশিয়াল ম্যানেজমেন্ট (অডিট এন্ড বাজেট)	১	বিপিআই, উত্তরা, ঢাকা
৭	অপারেটিং সিস্টেম রোড ম্যাপ লিনাক্স	১০	বেইজ লিমিটেড, ঢাকা
৮	অফিস ম্যানেজমেন্ট	২	পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী (এনএপিডি), ঢাকা
৯	প্রজেক্ট প্লানিং, ডেভেলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (পিপিডিএম)	১	এনএপিডি, ঢাকা
১০	এপ্লিকেশন, মেইনটেন্যান্স এন্ড ট্রাবল সূচিং অব এটমিক এ্যাবজবরশন স্পেকট্রোফটোমিটার	২	নেটওয়ার্ক অব ইন্সট্রুমেন্ট টেকনিক্যাল পার্সোনেল এন্ড ইউজার সাইন্টিস্টস অব বাংলাদেশ, ঢাকা
১১	অফিস ম্যানেজমেন্ট	২	বিপিআই, উত্তরা, ঢাকা
১২	ইনকাম ট্যাক্স, ভ্যাট এন্ড কাস্টম	৫	আইসিএমএবি, ঢাকা
১৩	ডিস্টিংগুইশড লেকচার প্রেজেন্টেশন অন ড্রিলিং ফ্লুইড ইনফ্লুয়েন্সড ম্যাগনেটিক শিলডিং অব ডিরেকশনাল মেজারমেন্ট টুলস	১৫	এসপিই বাংলাদেশ, ঢাকা
১৪	এসিআর রাইটিং	১১	বিপিআই, উত্তরা, ঢাকা
১৫	অকুপেশনাল সেফটি, হেলথ এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট	৪	বিপিআই, উত্তরা, ঢাকা
১৬	বেসিক ম্যানেজমেন্ট ফর ম্যানেজারস্ এন্ড এক্সিকিউটিভস	৪	বিপিআই, উত্তরা, ঢাকা
১৭	ফিন্যানশিয়াল স্টেটমেন্ট এ্যানালাইসিস	২	ডিএসই ট্রেনিং একাডেমি, ঢাকা
১৮	সরকারী চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী	৭	বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), ঢাকা
১৯	লেইকা জিওসিস্টেম টেকনোলজী আপডেট সেমিনার	৭	সেলেস্টিয়াল টেক, ঢাকা
২০	প্রকিউরমেন্ট আভার ক্যাশ ফরেন এক্সচেঞ্জ এন্ড ফরেন এইড	৮	বিপিআই, উত্তরা, ঢাকা
২১	আইএমইডি মনিটরিং এন্ড রিপোর্টিং প্রসিডিউর	৫	এনএপিডি, ঢাকা
২২	ওয়েল লগিং টেকনিক এন্ড ইন্টারপ্রিটেশন	৪	বিপিআই, উত্তরা, ঢাকা
২৩	ফায়ার ফাইটিং, ফায়ার প্রিভেনশন, রেসকিউ এন্ড ফাস্ট এইড	৪১	বাপেক্স কনফারেন্স রুম, ঢাকা
২৪	মাল্টিস্টেজ স্টিমুলেশন টুলস এন্ড এ্যাপ্লিকেশন ফর ওয়েল কম্পিলিশন	৪	বুয়েট, ঢাকা
২৫	জিওলজি ফর নন জিওলজি	৪	বিপিআই, উত্তরা, ঢাকা
২৬	ফোরথ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	৩	বুয়েট, ঢাকা
২৭	শ্রম আইন	৩০	বাপেক্স কনফারেন্স রুম, ঢাকা
২৮	সিএফও কনফারেন্স এন্ড আইসিএমএবি বেস্ট করপোরেট এওয়ার্ড-২০১৪	১	প্যান প্যাসিফিক সোনারগাঁ, ঢাকা
২৯	ট্যাক্স, ভ্যাট এন্ড নন ট্যাক্স রেভিনিউ	১	বিপিআই, উত্তরা, ঢাকা
৩০	কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্ক	৩	কম্পিউটার ভিলেজ, চট্টগ্রাম
৩১	ওয়েল এন্ড গ্যাস প্রফেশনালস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোগ্রাম	৪	ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩২	ফিন্যানশিয়াল ম্যানেজমেন্ট ফর এক্সিকিউটিভস	৩	বিআইএম, ঢাকা
মোট		২১২ জন	

বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

মোবারকপুর তেল / গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্প

প্রকল্পটির পিসিপি বিগত ২২-০২-২০০৬ তারিখে মোট ৫৬০৪.০০ লক্ষ টাকা (স্থানীয় মুদ্রায় ২১৫৫.০০ লক্ষ টাকা এবং নগদ বৈদেশিক মুদ্রায় ৩৪৪৯.০০ লক্ষ টাকা) ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ১৬-০৩-২০০৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বাস্তবায়নে অগ্রাধিকার প্রকল্প হিসেবে ঘোষণা করেন। পরবর্তীতে ৩০-০৩-২০১০ তারিখে মোট টাকা ৮৯২৬.০০ লক্ষ (স্থানীয় মুদ্রায় টাকা ২৭৪২.০০ লক্ষ এবং বৈদেশিক মুদ্রায় টাঃ ৬১৮৪.০০ লক্ষ) ব্যয় সম্বলিত সংশোধিত ডিপিসিপি একনেক কর্তৃক অনুমোদিত হয়। একইসঙ্গে প্রকল্প বাস্তবায়ন মেয়াদ ৩১-১২-২০১১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে প্রকল্পের মেয়াদ জুন’২০১৩ ও ডিপিসিপি (২য়) সংশোধনীসহ ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০১৫ এবং ৩১.১২.২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

২০১৪-২০১৫ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত টাকা ২৬৭১.০০ লক্ষ এর বিপরীতে টাকা ১৩৭০.৮৫ লক্ষ ব্যয় হয়। বৈদেশিক মালামাল ক্রয় খাতে ব্যয়ের পরিমাণ টাকা ৩৫৫.০০ লক্ষ। আলোচ্য অর্থ বছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫১.৩২% অর্জিত হয়। চীন হতে নতুন ক্রয়কৃত 1500 HP (বিজয়-১২) রিগ মোবারকপুর তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন কাজে কমিশনিং করা হয়। রিগ ও রিগ যন্ত্রপাতি সংযোজন, কমিশনিং ও টেস্টিং করে ২২-০৮-২০১৪ তারিখে শুরু করে ৩০-০৬-২০১৫ তারিখ পর্যন্ত ৪৩৭৯ মিটার পর্যন্ত খনন কাজ সম্পন্ন করা হয়। কিন্তু খনন কাজ চলাকালীন বিভিন্ন পর্যায়ে সমস্যা উদ্ভূত হওয়ায় কোম্পানীর কারিগরি সিদ্ধান্ত অনুযায়ী বাপেক্স বোর্ডের অনুমোদনের আলোকে মেসার্স হ্যালিবরটন এর সহযোগিতায় পরবর্তী অপারেশন পরিচালনা প্রক্রিয়াধীন আছে।

প্রকিউরমেন্ট অব স্ট্যান্ডবাই গ্যাস প্রসেস প্ল্যান্ট প্রকল্প

গত ২৮ মার্চ ২০১৩ তারিখে “প্রকিউরমেন্ট অব স্ট্যান্ডবাই গ্যাস প্রসেস প্ল্যান্ট” প্রকল্পের ডিপিসিপি এবং ১৫ মে ২০১৪ তারিখে প্রকল্পের আরডিপিপি অনুমোদিত হয়। আরডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ছিল সেপ্টেম্বর ২০১২ থেকে জুন ২০১৫ পর্যন্ত এবং প্রকল্প ব্যয় ৪৬১৮.০০ লক্ষ টাকা। ২০১৪-১৫ অর্থ বছরে প্রকল্প ব্যয়ের সংশোধিত লক্ষ্যমাত্রা ১৫৩৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১৫০৮.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা লক্ষ্যমাত্রার শতকরা ৯৮.২৭ ভাগ। প্রকল্পের আওতায় দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট ক্ষমতা সম্পন্ন একটি গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ গ্যাস প্রসেস প্ল্যান্ট বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপন ও কমিশনিং এবং রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে একটি Early Production Facility (Well Testing Unit) কমিশনিং করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম ৩০ জুন ২০১৫ তারিখে সমাপ্ত হয়েছে।

প্রকিউরমেন্ট অব গ্যাস প্রসেস প্ল্যান্ট ফর শাহবাজপুর ফিল্ড প্রকল্প

সংশোধিত প্রকল্পের বাস্তবায়ন কাল জুলাই, ২০১২ হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত নির্ধারিত আছে। অনুমোদিত সংশোধিত প্রকল্প ব্যয় ৭৭.৮১ কোটি টাকা যার মধ্যে বৈদেশিক মুদ্রা ৬৭.৪৩ কোটি টাকা। এ প্রকল্পের আওতায় শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে দৈনিক ৭০ মিলিয়ন (২ x ৩৫) ঘনফুট ক্ষমতা সম্পন্ন গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপনের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। গত ১৬ মে ২০১৫ হতে ভোলাস্থ পিডিবি’র নবনির্মিত পাওয়ার প্ল্যান্ট এবং রেন্টাল পাওয়ার প্ল্যান্টসহ অন্যান্য গ্রাহকের চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করে প্ল্যান্ট কমিশনিং এর কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে উক্ত প্ল্যান্টের মাধ্যমে দৈনিক ৪০-৪২ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস প্রসেসপূর্বক সরবরাহ করা হচ্ছে।

শ্রীকাইল প্রসেস প্ল্যান্ট প্রকল্প

বাপেক্সের শ্রীকাইল গ্যাসক্ষেত্রে দৈনিক ৬০ মিলিয়ন ঘনফুট ক্ষমতা সম্পন্ন সিলিকাজেল প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য ২২-১০-২০১৪ তারিখে প্রকল্পের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ডিপিসিপি চুক্তি মূল্যের বৈদেশিক মুদ্রা অংশ অর্থাৎ ১২,৯৯৬,৪১২.০০ মার্কিন ডলারের এর বিপরীতে ১৮-০২-২০১৫ তারিখে এলসি খোলা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান এক বছরের মধ্যে শ্রীকাইল গ্যাস ক্ষেত্র, মুরাদনগর, কুমিল্লায় প্রসেস প্ল্যান্টের যাবতীয় মালামাল সরবরাহপূর্বক স্থাপন করে কমিশনিং কার্য সম্পন্ন করবে। ২০১৪-১৫ অর্থ বছরে অবমুক্তকৃত ১৩১.০০ লক্ষ টাকার মধ্যে ১১৬.৫৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। Turn-key চুক্তির টাইম সিডিউল অনুযায়ী প্রসেস প্ল্যান্টের Basic Design সম্পন্ন করা হয়েছে, Detail Engineering অনুমোদন দেয়া হয়েছে, প্রসেস প্ল্যান্ট ম্যাটেরিয়াল এর ক্রয় প্রক্রিয়া/Fabrication চলছে। কন্ট্রোল বিল্ডিং ও জেনারেটর হাউজ এর Lay-out Plan I Detail Engineering অনুমোদন দেওয়া হয়েছে এবং সে অনুযায়ী প্রকল্প এলাকায় পূর্ত নির্মাণ কাজ চলছে। ইতোমধ্যে দুটি জাহাজীকরণ কার্য সম্পন্ন করা হয়েছে যার ইনভয়েস মূল্য প্রায় ১১ লক্ষ মার্কিন ডলার।

রূপগঞ্জ তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্প

রূপগঞ্জ তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্পের মেয়াদকাল ছিল জুলাই ২০১২ হতে জুন ২০১৫ পর্যন্ত এবং প্রাক্কলিত ব্যয় ৯৭০০ লক্ষ টাকা। তন্মধ্যে, ২০১৪-২০১৫ অর্থ বছরে রূপগঞ্জ তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম শেষ করার জন্য ৭৮টি খাতে ৬১৭ লক্ষ টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল যার মধ্যে ৫৫১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। সর্বমোট ৬১৩৪.৯ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে রূপগঞ্জ-১ কূপ হতে দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদনের প্রস্তুত রয়েছে।

১৫০০ হর্স পাওয়ার রিগ সংগ্রহ প্রকল্প

দেশের ক্রমবর্ধমান গ্যাস চাহিদা পূরণের লক্ষ্যে অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন ত্বরান্বিত করার জন্য বাপেক্স এর খনন সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে একটি ১৫০০ হর্স পাওয়ার AC-AC VFD Type Land Drilling Rig Accessories with Supporting Service ক্রয়ের প্রকল্প হাতে নেয়া হয়। প্রকল্পটি জুলাই ২০১২ হতে শুরু করে জুন ২০১৫ শেষ হয়েছে। প্রকল্পের আওতায় একটি আধুনিক ১৫০০ হর্স পাওয়ার AC-AC VFD Type Land Drilling Rig and Rig Accessories with Supporting Service এবং খনন কার্যক্রম চলাকালীন খনন কাজে নিয়োজিত জনবলের আবাসনের জন্য Caravan ক্রয় করা হয়েছে।

চুক্তি অনুযায়ী রিগ সরবরাহকারী M/s. Sichuan Honghua Petroleum Equipment Co. Ltd, China জানুয়ারী ২০১৪ রিগ জাহাজীকরণ করে রিগ ও রিগ যন্ত্রপাতি দেশে পৌঁছার পর কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী রিগটি মোবারকপুর খনন প্রকল্পে প্রেরণ করা হয়। উক্ত প্রকল্পে রিগ প্রস্তুতকারীর প্রকৌশলী কর্তৃক রিগটির Erection, Testing and Commissioning কাজ সম্পন্ন করা হয়। রিগ Commissioning শেষে মোবারকপুর খনন প্রকল্পের খনন কাজ শুরু করা হয়। উক্ত রিগ দ্বারা মোবারকপুর খনন প্রকল্পে ৪৩৬৯ মিটার গভীরতা পর্যন্ত খনন কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় বাপেক্স এর খনন ও প্রকৌশল বিভাগের ২৫ জন কর্মকর্তাকে রিগ প্রস্তুতকারীর Manufacturing Yard প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং রিগ Erection, Testing and Commissioning এর সময়ে রিগ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের প্রকৌশলীগণ বাপেক্স এর সংশ্লিষ্ট জনবলকে স্থানীয়ভাবে প্রশিক্ষণ প্রদান করেছে। প্রকল্পটি জুন ২০১৫ তারিখে সফলভাবে সমাপ্ত হয়েছে।

শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর-২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন প্রকল্প

প্রকল্পটি জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ২৭/১০/২০১৪ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের মেয়াদকাল ৩০/০৬/২০১৬ পর্যন্ত। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় নগদ বৈদেশিক মুদ্রা ৪৮৮৫.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ৭৫৪৫.০০ লক্ষ টাকা। ২০১৪-২০১৫ অর্থ বছরে প্রকল্পের ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়। প্রকল্প এলাকায় ভূমি উন্নয়ন, এপ্রোচ রোড নির্মাণ এবং বিভিন্ন রকমের বৈদেশিক যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে দরপত্র আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদান করা হয়। বিভিন্ন খাতে ৬২৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪২০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

সালদা-৩, ৪ ও ফেঞ্চুগঞ্জ-৪, ৫ গ্যাসক্ষেত্র উন্নয়ন প্রকল্প

দেশের গ্যাস সংকট নিরসনে কার্যকরী ভূমিকা রাখার লক্ষ্যে বাপেক্স-এর নিজস্ব দুইটি গ্যাস ক্ষেত্রে দুটি করে মোট চারটি উন্নয়ন কূপ খননের মাধ্যমে জাতীয় খ্রিডে ৬০ এমএমসিএফডি গ্যাস সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে জিওবি অর্থায়নে ২৪০২৯.৯০ লক্ষ টাকা বৈদেশিক মুদ্রাসহ ৩০৫৬৪.০০ লক্ষ টাকায় “সালদা-৩, ৪ ও ফেঞ্চুগঞ্জ-৪, ৫ গ্যাসক্ষেত্র উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি ৫ অক্টোবর, ২০১০ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পের মোট ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের অধীনে ৪টি কূপ ওয়ার্ক ওভার অন্তর্ভুক্ত করে এবং বিদ্যমান প্রসেস প্ল্যান্টের ক্ষমতা বৃদ্ধির জন্য আরো 4X30 মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন প্রসেস প্ল্যান্ট ক্রয়, বাস্তবায়নকাল জুলাই’ ২০১০ হতে জুন’ ২০১৫ ধার্য করে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিসিপি ০৭ জানুয়ারি, ২০১৪ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুলাই’ ২০১০ হতে জুন’ ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

প্রকল্পের অধীনে সালদা-৩নং কূপ খনন করে ডিসেম্বর, ২০১১ হতে ২০ মিলিয়ন ঘনফুট এবং ফেঞ্চুগঞ্জ-৪ কূপ ফেব্রুয়ারি, ২০১২ হতে ২০ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় খ্রিডে সরবরাহ করা হয়। ফেব্রুয়ারি, ২০১৪ সালে ফেঞ্চুগঞ্জ-৫ কূপ খনন শেষে ডিএসটিতে প্রাপ্ত গ্যাসের সাথে অতিরিক্ত পানি এবং বালি আসার কারণে কূপটি সাসপেনডেড অবস্থায় রাখা হয়েছে। সালদা-৪ কূপ ২৬৮৪ মিটার খনন করার পর পাইপ স্টাক হয়ে যায়। সাইড ট্র্যাকিং করার জন্য মেসার্স হ্যালিবার্টন ইন্টারন্যাশনাল এর সংগে চুক্তি স্বাক্ষর করা হয় এবং ২৭৭৬ মিটার গভীরতায় খনন কাজ সম্পন্ন হয়। প্রকল্পের আওতায় চারটি ৩০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন স্ক্রিড মাউন্টেড প্রসেস প্ল্যান্ট সংগ্রহ করা হয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে প্রকল্পের বিপরীতে ৯৪.৬৩ লক্ষ টাকা ছাড় হয় এবং মোট ৯২.৭৭ (বিরানবই কোটি সাতাত্তর লক্ষ মাত্র) কোটি টাকা ব্যয় হয় যা সংশোধিত আরএডিপি লক্ষ্যমাত্রার ৯৪.৫৮%।

প্রশাসনিক কর্মকাণ্ড

জনবল সম্পর্কিত: ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রারম্ভে কোম্পানীর মোট জনবল ছিল ৮৩৬ জন। এ অর্থ বছরে কিছু সংখ্যক কর্মকর্তা ও কর্মচারীর অবসর গ্রহণ, নিয়োগ, চাকুরীতে ইন্তফা ও মৃত্যু জনিত ইত্যাদি কারণে জনবলের সংখ্যা বছর শেষে দাঁড়ায় ৭৭৪ জন যার মধ্যে কর্মকর্তা ৩৬৮ জন এবং কর্মচারী ৪০৩ জন। এতদ্ব্যতীত পেট্রোবাংলা ও অন্যান্য কোম্পানী হতে আরও ০৩(তিন) জন কর্মকর্তা ও কর্মচারী প্রেষণে কর্মরত রয়েছেন। ২০১৪-২০১৫ অর্থ বছরে ৯২ জন কর্মকর্তা এবং ০৬ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। বর্তমান সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ১৭৫৪টি পদের বিপরীতে ১৫০০ টি স্থায়ী পদ এবং আউটসোর্সিং এব মাধ্যমে নিয়োগযোগ্য ২৫৪টি পদ রয়েছে। ১৫০০টি স্থায়ী পদের বিপরীতে বর্তমানে ৭৭৪ জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারী কর্মরত আছেন। জনবলের সংকট দূরীকরণে নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

শ্রমিক ব্যবস্থাপনা সম্পর্ক : বাপেক্সের শ্রমিক ব্যবস্থাপনা সম্পর্ক সন্তোষজনক। বাপেক্সের উন্নয়ন কার্যক্রমে বিভিন্ন সময়ে উদ্ভূত সমস্যাবলীর অধিকাংশই পারস্পরিক সহযোগীতা ও দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে।

কল্যাণমূলক কার্যক্রম : কোম্পানীতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তানদের শিক্ষামূলক কর্মকাণ্ডে সাফল্যজনক ফলাফলের ভিত্তিতে উচ্চ শিক্ষা গ্রহণে উৎসাহ প্রদানের লক্ষ্যে ইতঃপূর্বে প্রবর্তিত “শিক্ষা বৃত্তি কর্মসূচী” অব্যাহত রয়েছে। এ কর্মসূচীর আওতায় আলোচ্য অর্থ বছরে প্রাথমিক ও জুনিয়র পর্যায়ে বৃত্তি প্রাপ্তি এবং এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ১৯০ জনকে মাসিক আর্থিক বৃত্তি প্রদান করা হয়েছে। পাশাপাশি বৃত্তি প্রদান নীতিমালাও পরিবর্তন করা হয়েছে। এ ছাড়াও আলোচ্য অর্থ বছরে বাপেক্স কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট হতে বিভিন্ন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত মোট ১০ (দশ) জন কর্মকর্তা ও কর্মচারীকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। ইতোমধ্যে প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা কর্মসূচীর আওতায় ০৩(তিন) টি প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল : সরকারের নির্দেশনা অনুযায়ী কোম্পানী পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (সংশোধিত) জানুয়ারি ২০১৫ হতে জুন ২০১৬ প্রণয়ন করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানীতে একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল এ কোম্পানীতে বাস্তবায়নের জন্য বিভিন্ন পর্যায়ের তিন জন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়েছে।

বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি : সরকার গণখাতে কর্মসম্পাদন ব্যবস্থাকে গুণগত ও পরিমাণগত মূল্যায়নের জন্য সরকারি কর্মসম্পাদনা ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) প্রবর্তন করে। এর আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) পদ্ধতি চালু হয়। বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি (Annual Performance Agreement) নিয়মানুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে পেট্রোবাংলার এবং পেট্রোবাংলার সাথে এর আওতাধীন সকল কোম্পানীর এ ধরনের চুক্তি প্রতি বছর সম্পাদিত হবে। এর ধারাবাহিকতায় ২০১৪-১৫ অর্থবছর থেকে পেট্রোবাংলার সাথে বাপেক্স-এর বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি স্বাক্ষরিত হয়।

২০১৫-১৬ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তিনামা যথাসময়ে স্বাক্ষরের লক্ষ্যে মন্ত্রণালয় প্রণীত সংশ্লিষ্ট ছক মোতাবেক হালনাগাদ তথ্য/কর্মপরিকল্পনা সন্নিবেশকরতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলার প্রেরণ করা হয়। এ সংক্রান্ত তথ্যাদি যাচাই-বাছাই, সংযোজন-বিশোধন, পরিবর্তন-পরিমার্জন, পর্যালোচনা ও পরীক্ষণ করার বিষয়ে পেট্রোবাংলা কর্তৃক একটি কমিটি গঠন করা হয়। গত ২৮ অক্টোবর ২০১৫ তারিখে পেট্রোবাংলার চেয়ারম্যান ও কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি সঠিকভাবে প্রণয়ন এবং সময় সময় কোম্পানীর সাথে যোগাযোগের নিমিত্ত বাপেক্স-এর একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নিয়োগ প্রদান করা হয়েছে।

অন্যান্য কার্যক্রম : এ অর্থ বছরে সকল কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণে বাসাক্রীপের মাধ্যমে বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, বার্ষিক বনভোজন, সাংস্কৃতিক অনুষ্ঠান, ঈদ-এ-মিলাদুন্নবী, দোয়া মাহফিল, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, বিজয় দিবস ও স্বাধীনতা দিবস উদ্‌যাপন করা হয়েছে।

সম্প্রতি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে জ্বালানি সপ্তাহ ২০১৫ উদযাপন করা হয়। এ প্রেক্ষিতে গত ১০-১২ ডিসেম্বর, ২০১৫ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে “জাতীয় বিদ্যুৎ ও জ্বালানী মেলা-২০১৫” অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন। উক্ত মেলায় বাপেক্স এর বিভিন্ন কার্যক্রম, সাম্প্রতিক সাফল্য এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। ইতিপূর্বে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর আয়োজনে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গত ১৫-১৬ নভেম্বর, ২০১৫ তারিখে উন্নয়ন সহযোগীদের অংশগ্রহণে Bangladesh Development Forum (BDF) 2015 সংশ্লিষ্ট BDF 2015 Development Fair অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। BDF 2015 মেলায় পেট্রোবাংলার পক্ষে বাপেক্স ও বড়পুকুড়িয়া কোল মাইনিং কোম্পানীর কার্যক্রম উপস্থাপন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী পেট্রোবাংলার স্টল পরিদর্শন করেন এবং কিছু সময় অতিবাহিত করেন। পরবর্তীকালে মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী উক্ত স্টল পরিদর্শন করেন এবং জ্বালানি নিরাপত্তায় বাপেক্স এর ভূমিকার প্রশংসা করেন। BDF 2015 মেলায় পেট্রোবাংলার স্টল ১ম পুরস্কার অর্জন করে এবং মাননীয় অর্থমন্ত্রী পেট্রোবাংলার চেয়ারম্যানের হাতে ক্রেস্ট তুলে দেন। এ ছাড়া বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের উদ্যোগে গত ১৮-২০ ডিসেম্বর, ২০১৫ তারিখে International Conference on Mechanical (ICME 2015) এর অংশ হিসেবে বুয়েট ক্যাম্পাসে Exhibition on Engineering and Technology তে বাপেক্স এর বিভিন্ন কার্যক্রম, সাম্প্রতিক সাফল্য এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা উপস্থাপন করে একটি স্টল স্থাপন করা হয়। উক্ত প্রদর্শনীতে বাপেক্স স্টল ২য় পুরস্কার অর্জন করে।

স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ বিষয়ক কার্যক্রম

২০১৩-২০১৪ অর্থ বছরে স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ বিষয়ক (এইচএসই) কার্যক্রম বাপেক্স এর সকল কার্যক্রমের সাথে অবিচ্ছেদ্য অংশ হিসেবে কাজ করেছে। নিরাপদ কাজের পরিবেশ ও নীতি মেনে চলায় আলোচ্য বছরে উল্লেখযোগ্য কোন দুর্ঘটনা ঘটেনি। বাপেক্স-এর প্রতিটি খনন ও ওয়ার্কওভার প্রকল্প এবং টু-ডি ও থ্রি-ডি সাইসমিক প্রকল্পে প্রতিদিন সকালে সেফটি মিটিং করা হয়। প্রত্যেকটি ক্যাম্পে একজন করে মেডিক দায়িত্ব পালন করে থাকে এবং নির্দিষ্ট সময় পরপর ঔষধসহ প্রয়োজনীয় উপকরণ সেফটি বুট, সেফটি ভেস্ট, হেলমেট, হাত মোজা, জীবন রক্ষাকারী জ্যাকেট, অগ্নিনির্বাপক, প্রাথমিক চিকিৎসার বক্স সরবরাহ করা হয়।

বাপেক্সের থ্রি-ডি সাইসমিক প্রকল্পে আন্তর্জাতিক মানের এইচএসই ব্যবস্থাপনা বিদ্যমান। থ্রি-ডি সাইসমিক প্রকল্পে কর্মরত সকল কর্মকর্তা, কর্মচারী ও অস্থায়ী জনবলের এইচএসই ব্যবস্থাপনা অনুসরণ করতে হয়। থ্রি-ডি সাইসমিক প্রকল্পে কর্মরত একজন এইচএসই কর্মকর্তার তত্ত্বাবধানে এ সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালিত হয়। এইচএসই ব্যবস্থাপনার ক্ষেত্রে যে সকল বিষয়গুলো বিবেচনা করা হয় সেগুলোর মধ্যে দ্রুত চিকিৎসা ব্যবস্থার পরিকল্পনা (মেডিকেল প্ল্যান), গাড়ীর যাত্রা ব্যবস্থাপনা (স্পিড লিমিট মেনে চলা, সিট বেল্ট বাঁধা, ড্রাইভিং এর সময় ধূমপান ও মোবাইলে ফোনে কথা বলা থেকে বিরত থাকা) এবং অস্থায়ী জনবলের সেফটি বিষয়গুলো উল্লেখযোগ্য। এইচএসই ব্যবস্থাপনায় একজন ডাক্তার ও একটি অ্যাম্বুলেন্স সার্বক্ষণিক নিয়োজিত থাকে।

পিএসসি এবং যৌথ উদ্যোগের আওতায় পরিচালিত কার্যক্রম

অফশোর বিডিং রাউন্ড ২০১২

অগভীর সমুদ্রাঞ্চলের ব্লক SS-04 এবং SS-09 এর জন্য ONGC Videsh Ltd. (OVL) & Oil India Ltd. (OIL) এর সাথে দুটি পিএসসি এবং অগভীর সমুদ্রাঞ্চলের ব্লক SS-11 এর জন্য Santos Sangu Field Ltd. & KrisEnergy Bangladesh Ltd. এর সাথে একটি পিএসসি স্বাক্ষরিত হয়েছে। উক্ত ব্লকসমূহে বাংলাদেশ সরকার 10 percent carried stake owner হিসেবে বাপেক্স-কে মনোনীত করেছে।

Santos SFL ইতিমধ্যেই তাদের নির্ধারিত অগভীর সমুদ্রাঞ্চলে ৩১৪৬ লাইন-কিলোমিটার টু-ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং প্রাথমিক বিশ্লেষণ সম্পন্ন করেছে। অপরদিকে SS-04 এবং SS-09 এর জন্য ONGC Videsh Ltd. (OVL) & Oil India Ltd. (OIL) এর সাথে অপর একটি Joint Operating Agreement স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।



অগভীর সমুদ্রাঞ্চলের ব্লক SS-11 এর জন্য ১৮ জুন ২০১৫ তারিখে Santos Sangu Field Ltd. & KrisEnergy Bangladesh Ltd. এবং বাপেক্স এর মধ্যে একটি Joint Operating Agreement স্বাক্ষরিত হয়



অগভীর সমুদ্রাঞ্চলের ব্লক-১১ তে টু-ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম (সৌজন্যে: স্যাভোস সাজু ফিল্ড লিঃ)

ব্লক-৯ পিএসসি

উৎপাদন বন্টন চুক্তির (পিএসসি) আওতায় ৯নং ব্লকে মেসার্স তাল্লো বাংলাদেশ লিমিটেড এবং নাইকো রিসোর্সেস লিমিটেড এর সাথে বাপেক্স ১০% পার্টিসিপেটরী অংশীদার। এ ব্লকের কর্ম পরিকল্পনা ও বাজেট বিষয়ে মতামত প্রদান ও আলোচনার জন্য বাপেক্স নিয়মিতভাবে টেকনিক্যাল কমিটি মিটিং ও অপারেশন কমিটি মিটিং এ অংশগ্রহণ করেছে। আলোচ্য অর্থবৎসরে এ ব্লকের বাঙ্গোরা গ্যাস ক্ষেত্র থেকে দৈনিক প্রায় ১০৫ এমএমসিএফ গ্যাস উৎপাদন করা হয়েছে। উন্নয়ন ও উৎপাদন পর্যায়ে বাপেক্স উক্ত ব্লকে নগদ বিনিয়োগে অংশগ্রহণ করেছে। ৩০ জুন, ২০১৫ পর্যন্ত উন্নয়ন অংশীদার হিসাবে বাপেক্সের মোট বিনিয়োগের পরিমাণ প্রায় ১৬.৩২ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে বাঙ্গোরা গ্যাস ক্ষেত্র হতে গ্যাস ও কনডেনসেট বিক্রয় বাবদ বাপেক্স-এর আয়ের পরিমাণ ২৫.৬০ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২২.৩২ কোটি টাকা।

যৌথ উদ্যোগের আওতায় কার্যক্রম

ছাতক গ্যাস ক্ষেত্র এবং ফেনী প্রান্তিক গ্যাসক্ষেত্র উন্নয়নের জন্য ২০০৩ সালে নাইকোর সাথে বাপেক্সের যৌথ সহযোগিতা চুক্তি (JVA) স্বাক্ষরিত হয়। নাইকো কর্তৃক ছাতক গ্যাস ক্ষেত্রে খনন অপারেশন চলাকালীন ব্লো-আউট সংঘটিত হয়। এ প্রেক্ষিতে ICSID-এ বর্তমানে Arbitration চলমান আছে। বাংলাদেশ সরকার এবং পেট্রোবাংলার সম্মতি, সহযোগিতা ও নির্দেশনায় বাপেক্স, স্বপক্ষে রায় প্রাপ্তির আশায় আইনী পদক্ষেপ গ্রহণ করেছে/ আইনী লড়াই চালিয়ে যাচ্ছে। ২০১৫ সালে নভেম্বর মাসে লন্ডনে উক্ত মামলার শুনানী অনুষ্ঠিত হয়। বাপেক্সের পক্ষে রায় পাওয়া গেলে ছাতক গ্যাস ক্ষেত্র এলাকায় অনুসন্ধান কার্যক্রম গ্রহণ করা যাবে।

সরকারী নির্দেশনার আলোকে পার্বত্য চট্টগ্রাম এলাকাধীন পটিয়া, জলদী, সীতাপাহাড় এবং কাসালং ভূ-গঠনে বাপেক্সের সাথে যৌথভাবে অনুসন্ধান ও গ্যাস উত্তোলন কার্যক্রম পরিচালনার জন্য একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য EOI আহ্বান করা হয়েছে। এ প্রেক্ষিতে প্রাথমিক প্রস্তাব মূল্যায়নের পর চারটি প্রতিষ্ঠানকে শর্ট-লিস্টেড করা হয়। গত ২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে প্রতিষ্ঠানসমূহের অনুকূলে Request For Proposal (RFP) ও Joint Venture Agreement (JVA) প্রেরণ করা হয়েছে। গত ২০ ডিসেম্বর ২০১৫ চূড়ান্ত প্রস্তাব দাখিলের শেষ দিন ধার্য ছিল। বর্তমানে প্রস্তাব মূল্যায়নের কাজ চলছে। বর্ণিত JVA সম্পাদন করা গেলে দূর্গম ও বুকির্পূর্ণ এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালনার নতুন দ্বার উন্মুক্ত হবে।

IOC-এর কার্যক্রমে সেবা প্রদান

২০১৪-২০১৫ অর্থবছরে আন্তর্জাতিক দরপত্রে অংশগ্রহণ করে বাপেক্স ব্লক-৯ এর বর্তমান অপারেটর সিঙ্গাপুর ভিত্তিক ক্রিসএনার্জির জন্য বাঙুরা ৬ এবং ৭ কুপদ্বয় খননের জন্য চুক্তি স্বাক্ষর করেছে। এ লক্ষ্যে বাপেক্স এর বিজয়-১০ রিগটি কৈলাশটিলা-৭ খনন এলাকা

হতে বাঙ্গোরা স্থানান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আগামী ফেব্রুয়ারি, ২০১৬ নাগাদ রিগ স্থানান্তরের কাজ শুরু হবে বলে আশা করা যায়। পাশাপাশি কর্মকর্তাদের হেলথ-সেফটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। বাঙুরা ৬ এবং ৭ কুপ খনন সফলভাবে সম্পন্ন করলে বাপেক্স এর সফলতার একটি মাইলফলক স্থাপিত হবে।

উল্লেখ্য যে, ইতোপূর্বে ২০০৯ সালে বাপেক্স চুক্তিভিত্তিতে ব্লক-৯ এ তাল্লো বাংলাদেশ লিঃ এর পক্ষে বাঙুরা-৩ সফলভাবে ওয়ার্কওভার সম্পন্ন করে। এ ছাড়াও ব্লক-৯ এ তাল্লো বাংলাদেশ লিঃ এর জন্য ৫৭৩ লাইন কিলোমিটার ৬০-ফোল্ড টু-ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনা করেছে এবং ব্লক-১২ এ Unocal Bangladesh Ltd. এর জন্য ২১ লাইন কিলোমিটার ৪০-ফোল্ড টু-ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনা করেছে। এ ছাড়াও ব্লক-১৩ এর বর্তমান অপারেটর শেভরনের সাথে জালালাবাদ এলাকায় টু-ডি/থ্রি-ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

আর্থিক বিবরণী

সুধীমন্ডলী, এখন আমি ২০১৪-২০১৫ অর্থ বছরের কোম্পানীর লাভ লোকসানের একটি সংক্ষিপ্ত বিবরণী সম্মানিত শেয়ার হোল্ডারগণের উদ্দেশ্যে পেশ করছি। আলোচ্য অর্থ বৎসরে কোম্পানীর মোট আয় হয় টাকা ২৯৯.২৫ কোটি। এর মধ্যে কোম্পানীর নিজস্ব গ্যাসক্ষেত্র সমূহ হতে উৎপাদিত গ্যাস ও কনডেনসেট বিক্রয় বাবদ (এসডি ও ভ্যাট ব্যতীত) প্রাপ্তি টাকা ১১২.৫৪ কোটি, পেট্রোবাংলার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন গ্যাস বিপণন কোম্পানী সমূহের বিক্রয় মূল্যের উপর প্রাপ্ত বাপেক্স মার্জিন বাবদ টাকা ৫২.৯০ কোটি এবং পিএসসি ব্লক-৯, সুদ প্রাপ্তি ও অন্যান্য খাতে টাকা ১৩৩.৮১ কোটি আয় হয়। আলোচ্য আয়ের বিপরীতে অফিস ও কর্মী খরচ খাতে টাকা ৭৭.৪৩ কোটি, মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে টাকা ০.৫৫ কোটি ও উৎপাদন ব্যয় খাতে টাকা ৪১.৭১ কোটি, স্থায়ী সম্পদের অবচয় ও সুদ পরিশোধ বাবদ টাকা ৭৩.৬৬ কোটি সহ সর্বমোট টাকা ১৯৩.৩৫ কোটি ব্যয় হয়েছে। ওয়ার্কার্স প্রফিট পার্টিসিপেশন ও ওয়েলফেয়ার ফান্ডে টাকা ৫.২৯ কোটি এবং কোম্পানী আয়কর সঞ্চিতিতে টাকা ৩৫.২১ কোটি স্থানান্তরের পর ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর নীট মুনাফার পরিমাণ দাড়িয়েছে টাকা ৬৫.৪০ কোটি। পূর্ববর্তী বছরে সমন্বয় বাবদ আয় ৭.৫৩ কোটি টাকা এবং পুঞ্জীভূত মুনাফা বাবদ ২০৬.৮১ কোটি টাকা লাভ ক্ষতি আবন্টন হিসাবে (Profit & Loss Appropriation Account) স্থানান্তর এবং সরকারী কোষাগারে লভ্যাংশ বাবদ টাকা ৭.৩১ কোটি পরিশোধের পর আলোচ্য অর্থ বছরে পুঞ্জীভূত লাভের পরিমাণ দাড়িয়েছে টাকা ২৭২.৪৩ কোটি টাকা।

সংক্ষিপ্ত আর্থিক ফলাফল

বিবরণ		২০১৪-২০১৫	২০১৩-২০১৪
		(কোটি টাকা)	
ক)	গ্যাস বিক্রয়ের উপর নীট ওয়েলহেড মার্জিন ও নীট কনডেনসেট বিক্রয়	১১২.৫৪	১২৩.২৩
খ)	বাপেক্স মার্জিন	৫২.৯০	৫১.৯৩
গ)	পিএসসি ব্লক-৯ থেকে আয়	২৫.৬০	২২.৩২
ঘ)	জব খাতে নীট আয়	৫৪.২৯	১০১.৪৬
ঙ)	নীট সুদ আয়	৫২.৫০	৫৬.৬০
চ)	অন্যান্য আয়সমূহ	১.৪২	০.৮০
ছ)	মোট আয় (ক+খ+গ+ঘ+ঙ+চ)	২৯৯.২৫	৩৫৬.৩৪
জ)	মোট রাজস্ব ব্যয়	১৯৩.৩৫	১৭৩.৯০
ঞ)	শ্রমিক অংশীদারিত্ব তহবিল পূর্ব নীট মুনাফা (ছ-জ)	১০৫.৯০	১৮২.৪৪
ট)	শ্রমিক অংশীদারিত্ব তহবিল	৫.২৯	৯.১২
ঠ)	শ্রমিক অংশীদারিত্ব তহবিল পরবর্তী নীট মুনাফা (ঞ-ট)	১০০.৬১	১৭৩.৩২
ড)	আয়কর সঞ্চিতি	৩৫.২১	৫২.৮৫
ঢ)	আয়কর সঞ্চিতি পরবর্তী নীট মুনাফা (ঠ-ড)	৬৫.৪০	১২০.৪৭
ণ)	পুঞ্জীভূত মুনাফা/ ক্ষতি	২০৬.৮১	৬৪.২৬
ত)	পূর্ববর্তী বৎসরের সমন্বয়	৭.৫৩	৩৮.০৫
থ)	রাষ্ট্রীয় কোষাগারে অগ্রিম লভ্যাংশ প্রদান	৭.৩১	১৫.৯৭
দ)	পুঞ্জীভূত লাভ উদ্ধৃতপত্রে স্থানান্তরিত (ঢ+ণ+ত-থ)	২৭২.৪৩	২০৬.৮১

সরকারী কোষাগারে জমার বিবরণ

২০১৪-২০১৫ অর্থবছরে বাপেক্স কর্তৃক নিম্নোক্ত খাত সমূহের বিপরীতে মোট ৩১৩.৭১ কোটি টাকা সরকারী কোষাগারে জমা দেওয়া হয়েছে। গত অর্থবছরে যার পরিমাণ ছিল ৩৬৫.৮৪ কোটি টাকা।

খাত সমূহ	জমাকৃত অর্থ (কোটি টাকা)	
	২০১৪-২০১৫	২০১৩-২০১৪
কর্পোরেট ট্যাক্স খাতের বিপরীতে অগ্রিম আয়কর	৩৫.৩১	৬২.০৪
রাষ্ট্রীয় কোষাগারে অগ্রিম লভ্যাংশ প্রদান	৭.৩১	১৫.৯৭
গ্যাস ও কনডেনসেট খাতে পরিশোধিত সম্পূরক কর ও মুসক	২৬৪.১৫	২৭৬.৫১
কর্মী আয়কর	-	-
আমদানী পর্যায়ে কর্পোরেট ট্যাক্স অগ্রিম আয়কর ও মুসক	৫.১০	৯.১৬
স্থানীয় ঋণের উপর সুদ	১.৮৪	২.১৬
সরকারী কোষাগারে মোট জমা	৩১৩.৭১	৩৬৫.৮৪

লভ্যাংশ প্রদান

সরকার/পেট্রোবাংলা কর্তৃক ২০১৪-২০১৫ অর্থবছরে বাপেক্স এর উপর ধার্যকৃত ৭.৩১ কোটি টাকা অগ্রিম হিসেবে লভ্যাংশ (Dividend) ইতোমধ্যে সরকারী কোষাগারে প্রদান করা হয়েছে।

ট্যাক্স কার্ড সম্মাননা প্রাপ্তি

বাপেক্স ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানী পর্যায়ে ৫ম সর্বোচ্চ করদাতা হিসেবে মনোনীত হয়। গত ১৫ সেপ্টেম্বর ২০১৫ জাতীয় আয়কর দিবসের অনুষ্ঠানে মাননীয় অর্থমন্ত্রী বাপেক্স কে 'ট্যাক্স কার্ড সম্মাননা' প্রদান করেন।

কৃতজ্ঞতা স্বীকার

বাপেক্স-এর সাফল্যের সামগ্রিক কর্মপরিকল্পনা ও পরিচালনায় সহায়তার জন্য পরিচালকমন্ডলীর পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ ছাড়াও বাপেক্স-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীকে জানাই ধন্যবাদ যারা তাদের অক্লান্ত পরিশ্রমের মধ্য দিয়ে কোম্পানীর কাজিত লক্ষ্য অর্জনের পথকে সুগম করেছেন।

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর ২০১৪-২০১৫ অর্থ বছরের চূড়ান্ত নিরীক্ষিত হিসাবের উপর নিরীক্ষকের প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

মহান আল্লাহ আমাদের সহায় হোন।



চেয়ারম্যান
